
রাঁচি, বুধবার
30:08:2023
web : www.rashtriyakhabar.com

বাংলা দৈনিক
# জাতীয় খবর
JATIO KHOBOR
BANGLA DAINIK

Page >> 8 Rate >> 3 Rupee >> Year >> 03 Vol >>314 >>12 Vadra 1430 >> epaper.rashtriyakhabar.com পৃষ্ঠা >> ০৮ মূল্য >> ৩ টাকা বর্ষ >> ০৩ অংক >> ৩১৪ >><< ১২ই, ভাদ্র ১৪৩০>>



### ইউএস কনস্যুলেটের সাবেক কর্মচারী গুপ্তচরবৃত্তির অভিযোগে অভিযুক্ত, বলছে রাশিয়া

**নিউ ইয়র্ক ঃ** সোমবার রাশিয়ার এফএসবি নিরাপত্তা সংস্থা বলেছে, ভ্লাদিভোস্টকে যুক্তরাষ্ট্রের কনস্যুলেটের প্রাক্তন এক কর্মচারীকে ইউক্রেনের যুদ্ধ এবং যুক্তরাষ্ট্রের জন্য রাশিয়ার বিক্ষোভ সম্পর্কে তথ্য সংগ্রহের অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। এফএসবির এক বিবৃতিতে বলা হয়েছে, রবার্ট শোনভ ২০২২ সালের সেপ্টেম্বরে রাশিয়ার সামরিক যোগদান অভিযানসহ তথ্য সংগ্রহ করেছেন। মে মাসে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রক শোনভের গ্রেপ্তারের নিন্দা জানিয়ে বলেছিল, তার বিরুদ্ধে অভিযোগগুলো সম্পূর্ণ ভিত্তিহীন। পররাষ্ট্র মন্ত্রকের মুখপাত্র ম্যাথিউ মিলার এক বিবৃতিতে বলেন, শোনভ মস্কোতে যুক্তরাষ্ট্র দূতাবাসে পরিষেবা সরবরাহকারী বাইরের একটি সংস্থার দ্বারা নিযুক্ত হওয়ার আগে ২৫ বছরের বেশি সময় ধরে কনস্যুলেটে কাজ করেছেন। সোমবার ইউক্রেনের সামরিক বাহিনী রাতভর রাশিয়ার ক্ষেপণাস্ত্রের হামলার কথা জানিয়েছে। অন্যদিকে রাশিয়া বলেছে, ইউক্রেন রাশিয়ার ভূখণ্ড লক্ষ্য করে কয়েকটি ড্রোন নিক্ষেপ করেছে। ইউক্রেনের সামরিক জেনারেল স্টাফ বলেন, বিমান প্রতিরক্ষা ব্যবস্থা দুটি রুশ ক্রুজ ক্ষেপণাস্ত্র এবং দুটি গাইডেড ক্ষেপণাস্ত্র ধ্বংস করেছে, তবে তিনি আরও বলেন, পোলতাভা অঞ্চলে একটি বেসামরিক শিল্প স্থাপনায় ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে। সোমবার রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রক বলেছে, তারা মস্কোর দক্ষিণপূর্বে লিউবার্টসি অঞ্চলে ইউক্রেনের একটি ড্রোন ভূপাতিত করেছে। রাশিয়ার রাজধানীর কাছে অন্যান্য যেসব এলাকায় সাম্প্রতিক ড্রোন হামলা হয়েছে সেসব এলাকার মতো এই অঞ্চলের বিমানবন্দরগুলোর ফ্লাইট কার্যক্রম সাময়িকভাবে ব্যাহত হয়েছিল।

**বাজার দর**
SENSEX : 64996.60 +110.09
NIFTY : 19306.05 +40.25

**রাঁচি PARA UPDATE**

| সর্বোচ্চ | সর্বনিম্ন |
|---|---|
| 31.00 °c | 22.00 °c |

সূর্যাস্ত (আজ) >> 18.08 টা
সূর্যোদয় (কাল) >> 05.29 টা

**গহনার বাজার**
সোনা (বিক্রী) 56,850 টাকা./10 গ্রাম
সোনা (ক্রয়) 59,690 টাকা./10 গ্রাম
রুপা >> 82,000 টাকা./কিলো

**রাষ্ট্রীয় খবর সংক্ষিপ্ত খবর**

### বাংলাদেশ কিছু চেয়ে পাবে না সেই অবস্থা আর নেই ঃ প্রধানমন্ত্রী

**ঢাকা (এজেন্সী) ঃ** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন ''বাংলাদেশ কিছু চেয়ে পাবে না সেই অবস্থাটা আর নেই। অন্তত আন্তর্জাতিক পর্যায়ে।'' সাউথ আফ্রিকায় অনুষ্ঠিত ব্রিকস সম্মেলনে যোগদান বিষয়ে এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী এ কথা বলেন।
ব্রিকসের সদস্য হওয়ার ব্যাপারে ভোরের কাগজ পত্রিকার সম্পাদক শ্যামল দত্ত প্রশ্ন করেন, ''আমরা কি আবেদন করেছিলাম সদস্য হওয়ার জন্য? তার জবাবে শেখ হাসিনা বলেন, ''চাইলে পাবো না এই অবস্থাটা নাই। প্রত্যেকটা জিনিসেরই একটা প্রক্রিয়া থাকে। বাংলাদেশ ব্রিকসএর শুরুর সময় থেকেই এই পাঁচ দেশের প্রধানদের সাথে যোগাযোগ বজায় রেখেছে। আমরা কারও কাছে বলতে যাইনি যে আমাদের সদস্য করেন। বাংলাদেশ কিছু চেয়ে পাবে না সেই অবস্থাটা আর নাই। অন্তত আন্তর্জাতিক পর্যায়ে।'' নিউ ডেভেলপমেন্ট ব্যাংকের ব্যাপারে বাংলাদেশের আগ্রহ বেশি ছিলো বলে জানান প্রধানমন্ত্রী। সংবাদ সম্মেলনে বাংলাদেশের নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ড. ইউনুসের বিচার স্থগিত করার ব্যাপারে ১৬০ ব্যক্তির চিঠির ব্যাপারে সরকার প্রধান হিসেবে আপনার কিছু করার আছে কি না এটিএন নিউজের সাংবাদিক আরাফাতের প্রশ্নের উত্তরে শেখ হাসিনা বলেন, ''ভদ্রলোক যদি এতোই আত্মবিশ্বাসী থাকেন তাহলে তিনি আন্তর্জাতিক পর্যায়ে বিবৃতি ভিক্ষা করে বেড়াতেন না। আমি কে মামলা প্রত্যাহার করার? বিচারবিভাগ তো স্বাধীন। মামলা আইন অনুযায়ী চলবে। তারা এক্সপার্ট, আইনজীবী পাঠাক তাদের ক্লায়েন্টের জন্য। ৪০ বছরের সব কাগজপত্র তারা দেখতে পারবেন।'' 'ড. ইউনুসের বিদেশে বিনিয়োগ করা টাকা' কোথা থেকে আসলো সে বিষয়ে কেন 'তার ক্লায়েন্টরা' জানতে চাননি এই প্রশ্ন করেন শেখ হাসিনা।



# নার্স ও প্যারামেডিকেল ট্রেনিং কোর্সের শুভ উদ্বোধন তুলিনে



**সুধীর গোরাই**

**জামশেদপুর ঃ** যুবক যুবতীদের উপর বিশেষ দৃষ্টিপাত রেখে মঙ্গলবার পুরুলিয়া জেলার ঝালদা ১ নম্বর ব্লকের তুলিনে নার্স এবং প্যারামেডিকেল ট্রেনিং কোর্সের শুভ উদ্বোধন হলো। ফিতা কেটে ও প্রদীপ প্রজ্জ্বলন করে আনুষ্ঠানিক শুভ সূচনা করেন অর্গানাইজার রাজিব ভট্টাচার্য। বিবরনে জানা গিয়েছে ইন্ডিয়ান রুরেল মেডিকেল অ্যাসোসিয়েশন পরিচালিত পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত এই নার্সিং এবং প্যারামেডিকেল ট্রেনিং কোর্সে এলাকার যুবক যুবতিদের সার্বিক বিকাশ হবে। রাজিব ভট্টাচার্য আরোও বলেন যুবক যুবতিদের স্বাস্থ্য সম্বন্ধে সচেতনতার পাশাপাশি খুব কম সময়ে আয়ের উৎস হয়ে দাঁড়াবে এই কোর্সের প্রশিক্ষণপ্রাপ্ত সকলেই। এদিন এই কর্মসূচিতে রাজিব ভট্টাচার্য ছাড়াও বিশেষভাবে উপস্থিত ছিলেন বাবলু মন্ডল, শিক্ষক রাজেশ মাহাতো, একে দেশমুখ, ঝালদা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অ্যাম্বুলেন্স সেক্রেটারি শ্রীকান্ত লোহার, শুভম দত্ত প্রমুখ। প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্রীদের মধ্যে দেবিকা সাউ জানান বর্তমান সময়ে নিজের ক্যারিয়ার তৈরি করার পাশাপাশি স্বাস্থ্য সম্বন্ধীয় গুরুত্বপূর্ণ বিষয় অবগত হওয়ার জন্য এই কোর্স খুবই প্রযোজন।

### গ্রিক দ্বীপপুঞ্জের কাছে নৌকাডুবির ঘটনায় ৪ শিশুসহ ৫ জনের প্রাণহানি

**গ্রিস ঃ** গ্রিক কর্তৃপক্ষ জানিয়েছে, তুর্কি উপকূল থেকে আসা গ্রিক দ্বীপপুঞ্জগামী অভিবাসীবহনকারি নৌকা দুর্ঘটনার দুটি পৃথক ঘটনায় সোমবার চার শিশুসহ ৫ জন মারা গেছে এবং কয়েক ডজন মানুষকে উদ্ধার করা হয়েছে।
উপকূলরক্ষীরা বলেন, তুর্কি উপকূলের কাছে গ্রিক দ্বীপ লেসবসের উত্তরপূর্বে অভিবাসী বহনকারী একটি নৌকা দৃশ্যত ডুবে গেলে এতে ৪ জন মারা গেছে এবং ১৮ জনকে উদ্ধার করা হয়েছে। সরকারের মুখপাত্র পাভলোস মারিনাকিস বলেন, চারজনই শিশু। একটি ৮ বছর বয়সী ছেলে এবং ১৪,৮ ও ১১ মাস বয়সী তিনটি মেয়ে।
উপকূলরক্ষী জানিয়েছেন, এর আগে সোমবার বেলা ১টার দিকে একটি উপকূলরক্ষী টহল নৌকা সামোসের পূর্ব এজিয়ান দ্বীপের কাছে ৩৭ জনকে বহনকারী একটি ডিঙ্গি দেখতে পায়। এতে বলা হয়, টহল নৌকা দেখে যাত্রীরা জলেতে লাফ দিলে উদ্ধার অভিযান শুরু হয়। কয়েক দশক ধরে মধ্যপ্রাচ্য, আফ্রিকা এবং এশিয়ায় সংঘাত বা দারিদ্র্য থেকে পালিয়ে আসা এবং ইউরোপে উন্নত জীবনের আশায় যেতে চাওয়া মানুষদের জন্য ইউরোপীয় ইউনিয়নে প্রবেশের একটি পছন্দের স্থান হলো গ্রিস। জাতিসংঘের পরিসংখ্যান অনুসারে, এই বছর এ পর্যন্ত ১৪ হাজারের বেশি মানুষ স্থল ও সমুদ্রপথে গ্রিসে পৌঁছেছে। এটি মোট সফল ভূমধ্যসাগরীয় ক্রসিংএর প্রায় দশমাংশ। যার বেশিরভাগ অর্থাৎ ১ লাখ ৪ হাজার জন ইতালিতে ছিল। পুরো ২০২২ জুড়ে গ্রিসে আসা মানুষের সংখ্যা ছিল ১৯ হাজার। মানবাধিকার গোষ্ঠী এবং অভিবাসীরা আশ্রয়ের জন্য আবেদন করার অনুমতি না দিয়ে আগত মানুষদের দ্রুত প্রত্যাবাসন করার জন্য ঐ সরকারের নিন্দা করেছে। এই অভিযোগ গ্রিক সরকার দৃঢ়ভাবে অস্বীকার করেছে।



### বুধবার ফ্লরিডায় ঘূর্ণিঝড় আঘাত হানতে পারে

**ফ্লরিডা ঃ** যুক্তরাষ্ট্রের জাতীয় হ্যারিকেন সেন্টার এনএইচসির পূর্বাভাস বলছে, গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ইডালিয়া ক্যাটাগরি৩ ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে বুধবার দিনের শেষভাগে ফ্লরিডায় আঘাত হানতে পারে।
উপকূলীয় এলাকা থেকে মানুষজনকে সরে যাওয়ার পরামর্শ দেয়া হয়েছে।
ক্যাটাগরি৩ ঘূর্ণিঝড় অর্থ হচ্ছে বাতাসের গতিবেগ ঘণ্টায় অন্তত ১৭৯ কিলোমিটার হতে পারে।
এনএইচসি বলছে, প্রায় ৩২ লাখ মানুষ বাস করা টাম্পা বে এলাকায় ঝড়ের প্রভাব সবচেয়ে বেশি পড়তে পারে। জলের উচ্চতা আট থেকে ১২ ফুট হতে পারে। ফ্লরিডার অন্য এলাকা ও জর্জিয়া রাজ্যের দক্ষিণাঞ্চলেও বন্যা দেখা দিতে পারে বলে সতর্ক করে দিয়েছে এনএইচসি।
মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে কথা বলার পর ফ্লরিডার গভর্নর রন ডিস্যান্টিস কেন্দ্রীয় ত্রাণ সহায়তা সমন্বয়ের জন্য ফ্লরিডায় জরুরি অবস্থা ঘোষণা করেছেন। যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় জরুরি ব্যবস্থাপনা সংস্থা ফেমা ইতিমধ্যে প্রস্তুতি গ্রহণ শুরু করেছে বলে হোয়াইট হাউস জানিয়েছে। এর আগে সোমবার এক সংবাদ সম্মেলনে ডিস্যান্টিস বাসিন্দাদের সতর্ক করে বলেন, ইডালিয়া ঘূর্ণিঝড় 'বড় প্রভাব' ফেলতে পারে। তাই ''আপনাদের যা করার আছে, করুন। আপনাদের কাছে আজও সময় আছে। আগামীকালেরও বেশিরভাগ সময় আছে,'' বলেন তিনি। জনগণকে উপকূলীয় এলাকা ছেড়ে উঁচু ভূমিতে চলে যাওয়ার পরামর্শ দেন গভর্নর।
এদিকে, ফ্লরিডার দিকে ছুটে যাওয়ার পথে ইডালিয়ার প্রভাবে কিউবার সবচেয়ে পশ্চিমাংশে ভারী বৃষ্টিপাত হয়েছে। ঐ এলাকায় তামাক উৎপাদিত হয়ে থাকে। মাত্র একবছর আগে আঘাত হানা ইয়ান ঘূর্ণিঝড়ের ক্ষতি এখনও পুষিয়ে উঠতে পারেনি ঐ এলাকা। ঐ ঘূর্ণিঝড়ে অন্তত ১৫০ জন প্রাণ হারিয়েছিল।
বিজ্ঞানীরা বলছেন, জলবায়ু পরিবর্তনের কারণে পৃথিবী আরও উষ্ণ হয়ে ওঠায় ঝড়গুলোর শক্তি দিন দিন বাড়ছে।



**প্রস্তুতি** শঙ্খনাদ কার্যসূচিতে অংশগ্রহণ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মার

# আসন্ন ২০২৪ লোকসভা নির্বাচনের জন্য সম্পূর্ণ প্রস্তুত বিজেপি অসম প্রদেশ




**সব্যসাচী শর্মা**

**গুয়াহাটি ঃ** সম্প্রতি রাজ্যের পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করার ক্ষেত্রে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করে পঞ্চায়েত নির্বাচনের ফটো যুক্ত খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছে রাজ্য নির্বাচন আযগে। এই খবর প্রকাশ পাওয়ার পরই বিরোধী পক্ষের দলগুলো পঞ্চায়েত নির্বাচনের জন্য নিজেদের প্রস্তুতি শুরু করে দিয়েছিল। কিন্তু এর উল্টোদিকে লোকসভা নির্বাচনের জন্য নিজেদের সম্পূর্ণ প্রস্তুত করে তুলেছে বিজেপি অসম প্রদেশ। আসন্ন ২০২৪ লোকসভা নির্বাচনের উপর ভিত্তি করে আযোজিত শঙ্খনাদ কার্যসূচিতে অংশগ্রহণ করেছেন মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা।

প্রসঙ্গত আসন্ন লোকসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে ভারতীয় জনতা পার্টি অসম নিজেদের সাংগঠনিক তৎপরতা বৃদ্ধি করেছে। ইতিমধ্যে ভোটার তালিকার সংশোধনের কাজ নির্বাচন কমিশন শুরু করার সমান্তরালভাবে বিজেপি অসম ভোটার চেতনা অভিযান শুরু করেছে। এই সংক্রান্তে ইতিমধ্যে দলীয় মুখ্য কার্যালয় রাজ্য কর্মশালা আযোজিত হয়েছে। ফলে আসন্ন লোকসভা নির্বাচনের জন্য উঠেপড়ে লেগেছে শাসক দলটি। এবার এই ধারা অব্যাহত রেখে দলের কোর কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গুয়াহাটি মহানগরের বশিষ্ঠ স্থিত রাজ্য বিজেপির মুখ্য কার্যালয় অটল বিহারী বাজপেয়ী ভবনে সোমবার সন্ধ্যায় দলের কোর কমিটির বৈঠক আযোজন করা হয়েছিল। এই বৈঠকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, রাজ্য বিজেপির সভাপতি ভবেশ কলিতা এবং সাংগঠনিক সাধারণ সম্পাদক বি আর রবীন্দ্র রাজুর সঙ্গে কোর কমিটির প্রতি জন সদস্য অংশ অংশগ্রহণ করেছেন।

এদিনের কোর কমিটিতে আসন্ন লোকসভা নির্বাচন প্রসঙ্গে বিস্তারিত আলোচনা হয়েছে। মূলত শঙ্খনাদ কার্যসূচির অন্তর্গত এই বৈঠকে ২০২৪ সালের লোকসভা নির্বাচন নিয়ে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা গেছে। দলীয় প্রেস বিবৃতিতে বিজেপি অসম প্রদেশের মুখপাত্র রূপম গোস্বামী এবং সুভাষ দত্ত জানান লোকসভা নির্বাচনের আগে ভোটার চেতনা অভিযানকে দল অত্যন্ত গুরুত্ব সহ গ্রহণ করেছে। এই উদ্দেশ্যে ২৯ আগস্ট রাজ্যের ১২৬ টি কেন্দ্রের ভোটার তালিকা সংশোধনীর পাশাপাশি নতুন নাম অন্তর্ভুক্তি, মৃত ব্যক্তির নাম কর্তন এবং স্থানান্তকরণ যাতে সুকলমে হতে পারে সেটার জন্য বিধানসভা কেন্দ্র ভিত্তিক একটি করে কর্মশালা অনুষ্ঠিত হবে। এই কর্মশালায় প্রতিটি মণ্ডলের সভাপতি, শক্তি কেন্দ্র প্রমুখ, বুথের সভাপতি, বুথ পর্যায়ের এজেঃট, বি এল এ ১ এবং স্থানীয় বিধায়করা অংশগ্রহণ করবেন বলে মুখপাত্র দুজন উল্লেখ করেছেন। অসম প্রদেশের মুখপাত্র রূপম গোস্বামী এবং সুভাষ দত্ত বলেন রাজ্য বিজেপি এবার অসমের ১৪ টি লোকসভা কেন্দ্রে জয়যুক্ত হওয়ার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করেছে। ইতিমধ্যে শাসকদলের তরফে সাংসদ না থাকা কলিয়াবর (কাজিরাঙ্গা), নগাঁও এবং বরপেটার লোকসভা কেন্দ্রের অন্তর্গত ২৯ টি বিধানসভা কেন্দ্রে একজন করে বিস্তারক নিযুক্তি করা হয়েছে। ইতিমধ্যে লোকসভা প্রবাস যোজনার আধারে দলে শীর্ষ নেতৃত্ব প্রতিটি লোকসভা কেন্দ্রে সাংগঠনিক তপনতা বৃদ্ধি করেছেন। আসন্ন লোকসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে রাজ্য বিজেপির মুখ্য কার্যালয় অটল বিহারী বাজপেয়ী ভবনে সামাজিক মাধ্যম এবং তথ্যপ্রযুক্তি কোষের এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়েছে। যেখানে প্রতিটি লোকসভা কেন্দ্রে সামাজিক মাধ্যম কোষের ১১ জন সদস্যের গ্রুপের সঙ্গে জেলা সামাজিক মাধ্যম কোষের আহবায়ক এবং সহ আহ্বায়করা অংশগ্রহণ করেছেন। এই সভায় মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, রাজ্য বিজেপির সভাপতি ভবেশ কলিতা, সাংগঠনিক সাধারণ সম্পাদক বি আর রবীন্দ্র রাজু, সাংসদ তথা সাধারণ সম্পাদক পল্লব লচন দাস অংশগ্রহণ করেছেন। লোকসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে সামাজিক মাধ্যমে দায়িত্ব থাকা দলের কার্যকর্তারা যাতে দুজন উতসাহে দায়িত্ব পালন করতে পারেন সেটার জন্য দলের নেতৃত্ব গুরুত্ব আরোপ করেছেন বলে জানান রাজ্য বিজেপির মুখপাত্র রূপম গোস্বামী এবং সুভাষ দত্ত। তাদের বক্তব্য অনুযায়ী বিজেপির অসমপ্রদেশের কার্যকর্তারা নিজের নিজের ক্ষেত্রে দায়িত্ব পালন করা ছাড়াও অসমের ৬ জন বিধায়ক মধ্য প্রদেশ, ১১ জন বিধায়ক ছত্রিশগড় এবং একজন বিধায়ক মিজোরামে নির্বাচনী প্রচারের দায়িত্ব পালন করছেন। আগামী লোকসভা নির্বাচনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে পুনরায় ভারতীয় জনতা পার্টি নেতৃত্বাধীন এনডিএ সরকার গঠন হবে বলে দৃঢ়তার সঙ্গে মতামত ব্যক্ত করেছেন দুজন মুখপাত্র। তাছাড়া রাজ্য বিজেপি ইতিমধ্যে ব্যাপকভাবে সাংগঠনিক তৎপরতা বৃদ্ধি করেছে বলে বিবৃতির মাধ্যমে প্রকাশ করা হয়েছে।



# ফের কোর্ট মোড় থেকে তিনবাত্তি মোড়ে বাসস্ট্যান্ড স্থানান্তরিত করার আলোচনায় মেয়র ও বাস মালিকেরা



**শিলিগুড়ি ঃ** শিলিগুড়ির কোর্ট মোড় থেকে তিনবাত্তি মোড়ে বাসস্ট্যান্ড স্থানান্তরিত করলে বিপাকে পরবে বেসরকারি বাস মালিক ও চালকরা।এতে বন্ধ হয়েও যেতে পারে কোর্ট মোড় থেকে মহকুমা এলাকার বেসরকারি বাস পরিষেবা। সোমবার এমনটাই উদ্বেগ প্রকাশ করলো বেসরকারি বাস চালক ও মালিক সংগঠন। এদিন পূর্ত দপ্তরের ইনিসপেকশন বাংলোতে জেলা প্রশাসন, পৌরনিগম, পরিবহন বিভাগ, পুলিশ আধিকারিক ও বাস মালিক ও চালক সংগঠনের মধ্যে একটি বৈঠক আয়োজিত হয়। আর সেই বৈঠকে কোর্টমোড় থেকে বাসস্ট্যান্ড তিনবাত্তি মোড়ে স্থানান্তরিত করার বিষয়ে সমস্যার কথা তুলে ধরেন বেসরকারি বাস মালিক ও চালক সংগঠন। তিনবাত্তি মোড়ে বাসস্ট্যান্ড স্থানান্তরিত করা হলে বাসগুলির সলিল সমাধি করা ছাড়া কিছুই হবে না বলে জানায় বেসরকারি বাসের চালক ও মালিক সংগঠন। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব, জেলাশাসক এস পুন্নমবলম, কমিশনার সোনম ওয়াংদি ভুটিয়া, ডেপুটি মেয়র রঞ্জন সরকার সহ অন্যান্যরা। তবে বেসরকারি বাস স্থানান্তরিত করার ফলে কী কী সমস্যা হবে তা এদিন প্রশাসনিক আধিকারিকদের সামনে তুলে ধরেন বাস মালিকরা। এতে বিকল্প কিছু প্রস্তাব দেওয়ার কথা জানিয়েছেন মেয়র গৌতম দেব।

## বকেয়া বেতনের দাবিতে উত্তরবঙ্গ মেডিকেলে অস্থায়ী কর্মীদের বিক্ষোভ

**শিলিগুড়ি ঃ** বকেয়া বেতনের দাবিতে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের আধিকারিকদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সুপারস্পেশালিটি ব্লকের প্রধান গেটের সামনে অবস্থান বিক্ষোভে সামিল হলো উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের অস্থায়ী কর্মীরা। সোমবার দুপুর থেকে শুরু হয় তাদের বিক্ষোভ।তাদের অভিযোগ, দীর্ঘদিন থেকে তাদের বেতন বকেয়া রয়েছে। এর আগেও একাধিকবার তারা আন্দোলনে সামিল হয়েছিল কিন্তু তাতেও তারা বেতন পায়নি। যার ফলে এদিন ফের তারা বিক্ষোভে সামিল হয়।তাদের অভিযোগ গতকাল রাতে অজান্তে কিছুজনকে কিছু অর্থ বিতরণ করা হয়েছে কিন্তু তার সম্পর্কে কারোর কিছু জানা নেই।আধিকারিকদের বিরুদ্ধে তারা দুর্নীতির অভিযোগ তোলেন।

## বিজেপির দলীয় পতাকা পুড়িয়ে ফেলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

**কোচবিহার ঃ** তুফানগঞ্জ এক নম্বর ব্লকের নাককাটিগছ গ্রাম পঞ্চায়েতের ২০৪ নম্বর বুথে রাতের অন্ধকারে বিজেপির দলীয় পতাকা পুড়িয়ে ফেলার অভিযোগ উঠলো তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকায়। অভিযোগ পঞ্চায়েত নির্বাচনে ওই অঞ্চলে ২০৪ নং বুথ সহ মোট ১১ টি আসনে জয়লাভ করে বিজেপি। ২০৪ নং বুথেও জয়লাভ করে বিজেপি প্রার্থী লিপিকা সরকার। লিপিকা সরকারের অভিযোগ নির্বাচনের ফল ঘোষণার পর থেকেই এলাকায় সন্ত্রাস চালাচ্ছে তৃণমূল আশ্রিত দুস্কৃতিরা। গতকাল রাতে তৃণমূল আশ্রিত দুস্কৃতীরা বিজেপির দলীয় পতাকা ছিড়ে এবং পুড়িয়ে ফেলে।যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

## হাতির তান্ডবে অতিষ্ট হয়ে বনদপ্তরের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলছেন ক্ষুব্ধ এলাকাবাসী

**জলপাইগুড়ি ঃ** ডুয়ার্সের ফরেস্ট লাগোয়া বস্তিবাসী থেকে শুরু করে প্রত্যন্ত গ্রাম অঞ্চলের আমজনতার রাতের ঘুম যেন একপ্রকার উড়েই গেছে,এমন কোনো রাত বাকি নেই যে বন্যপ্রাণী বিশেষ করে হাতি ঘন জঙ্গল পেরিয়ে লোকালয়ে এসে তান্ডব না চালিয়েছে।প্রতিদিনের মতো সোমবারও হানা দিলো বানারহাট ব্লকের শালবাড়ি এক নং গ্রাম পঞ্চায়েতের মধ্য চানাডিপা এলাকায়। স্থানীয় আশরাফ হোসেনের বাড়িতে হানা দিয়ে টিনের বেড়া ভেঙ্গে ঘরে মজুদ করা চাল ও আটা খেয়ে সাবার করে হাতির দল, জানা যায় অল্পের জন্য প্রাণে বাচেন মা ও ছেলে। কোনোক্রমে স্থানীয় লোকজন জমা হয়ে হাতির দলটিকে জঙ্গলে পাঠাতে সক্ষম হয়।অপরদিকে আয়নাল হোসেনের সুপারি বাগানে প্রায় ২৫ টিরও বেশি সুপারি গাছ ভেঙে তছনছ করে দেয় হাতির দল। তবে শুধু হাতির তাণ্ডবেই আতঙ্কিত চানাডিপা জঙ্গল লাগুয়া মানুষেরা বলে নয়, ডুয়ার্সের প্রায় প্রত্যেক ফরেস্ট লাগোয়া মানুষের রাতের ঘুম কেড়েছে বন্যপ্রাণী, সেই জায়গায় বনদপ্তরের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন ক্ষুব্ধ এলাকাবাসী। যদিও বনদপ্তর সূত্রে খবর গোটা মোরাঘাট রেঞ্জের ওয়াইল্ড লাইফ স্কোয়াডে একটিমাত্র বন্যপ্রাণী তাড়ানোর গাড়ি রয়েছে যা দিয়ে গোটা রেঞ্জ সঞ্চালন করতে হয়।

## রোহিণী রোড ধরে দার্জিলিংয়ে চলাচল করা সরকারি বাসের বন্ধের দাবিতে বিক্ষোভে সামিল তরাই চালক সংগঠন

**শিলিগুড়ি ঃ** শিলিগুড়ি থেকে রোহিণী রোড ধরে দার্জিলিং এর মধ্যে চলাচল করছে প্রচুর সরকারি বাস ফলে ক্ষতির মুখে পড়ছে পাহাড়ের ছোট গাড়ি চালকেরা। এমনই অভিযোগ তুলে বিক্ষোভে সামিল হলো তরাই চালক সংগঠন। সোমবার সকালে শিলিগুড়ি দাগাপুরের মাঠ থেকে একটি বিক্ষোভ প্রতিবাদ মিছিল বের করা হয়। এদিন মিছিলটি দাগাপুর মাঠ থেকে শুরু করে মহকুমা শাসকের কার্যালয়ে পর্যন্ত যায় সেখানে গিয়ে চালকদের দাবি সম্বলিত একটি স্মারকলিপি তুলে দেওয়া হয় মহকুমা শাসকের কাছে।

## দালালের হাতে আক্রান্ত রোগীর ছেলে

**সিউড়ি (নিজস্ব প্রতিনিধি)ঃ** সিউড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে চিকিৎসা চলাকালীন অবস্থার অবনতি হলে এক রোগীকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয় । তখন রোগীর ছেলে নজরুল ইসলাম কেনা ওষুধ হাসপাতাল সংলগ্ন সাহা মেডিসিন দোকানে ফেরত দিতে গেলে ফেরত নিতে অস্বীকার করে কথা কাটাকাটি হতে হতে তোতন বাগদীর নেতৃত্বে পনেরো কুড়িজন লোহার রড, বাঁশ দিয়ে নজরুল ইসলামের মাথা ফাটিয়ে দেয় । নজরুল সিউড়ি হাসপাতালে চিকিৎসাধীন । নজরুলের মামাতো ভাই সাহিদুল ইসলাম বলেন, পিসেমশাইকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার করে দেওয়ায় ভাই ওষুধ ফেরত দিতে গিয়েছিল তখন দালাল তোতন বাগদীর নেতৃত্বে পনেরো কুড়িজন লোহার রড বাঁশ দিয়ে মেরে ভাইয়ের মাথা ফাটিয়ে দেয় চোখে ঝাপসা দেখছে । থানায় অভিযোগ দায়ের করেছি । হাসপাতাল দালালে ভরে গিয়েছে । ঘটনাস্থলে আসে সিউড়ি থানার পুলিশ ।

## রাখি বাজার তুঙ্গে


**সিউড়ি (নিজস্ব প্রতিনিধি)ঃ**ভাই বোনের সুমধুর সম্পর্কের বন্ধনের উৎসব রাখি বন্ধন । বুধবার রাখি বন্ধন । মোদী, মমতার ছবি দেওয়া রাখি বিক্রির পাশাপাশি সাধারণ রাখি বিক্রি হচ্ছে এবার তুঙ্গে । সিউড়ির দোকানি অশোক মাহারা বলেন, মোদী,মমতার ছবি দেওয়া রাখি পাঁচশোটা বিক্রি হয়েছে । আমার কাছে পাঁচ,দশ,কুড়ি,পঞ্চাশ,একশো টাকার রাখি আছে । এইবছর বাজার ভালো । এখনো পর্যন্ত প্রায় দুই আড়াই হাজার রাখি বিক্রি করেছি ।

## যাদবপুরে টবের মধ্যে মাদকের চাষ হয় বিস্ফোরক লকেট

**সিউড়ি (নিজস্ব প্রতিনিধি)ঃ** মঙ্গলবার বিকালে রামপুরহাট একনং ব্লকের কাষ্ঠগড়া অঞ্চলে বিজেপির জনসভা অনুষ্ঠিত হয় । হুগলি লোকসভাকেন্দ্রের সাংসদ লকেট চট্টোপাধ্যায় বলেন, তৃনমূল দলটা বেশিদিন থাকবে না । যাদবপুরে একটা ছাত্রকে খুন করা হয়েছে । যাদবপুরে টবের মধ্যে মাদকের চাষ হয় । কিছু কিলোমিটার দূরে কালীঘাট মুখ্যমন্ত্রী দেখতে পান না । এইরকম প্রথম নয় যাদবপুরে । মহিলা মুখ্যমন্ত্রী হয়ে মহিলাদের দেখেন না কথা শোনেন না । বেশিরভাগ পঞ্চায়েতে নমিনেশন করতে দেয় নি । সাংবাদিকদের মুখোমুখি হয়ে সাংসদ লকেট চট্টোপাধ্যায় বলেন, কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট হবে । বীরভূম এবং বোলপুর লোকসভা ভারতীয় জনতা পার্টির হাতে যাবে । কেন্দ্রীয় হজ কমিটি সদস্য মাফুজা খাতুন,জেলা সভাপতি ধ্রুব সাহা সহ বিজেপি নেতা কর্মী সমর্থকেরা উপস্থিত ছিলেন ।

## শিলিগুড়ির মাটিগাড়া থেকে উদ্ধার হল এক নাবালিকার রক্তাক্ত মৃতদেহ

**শিলিগুড়ি।** শিলিগুড়ির মাটিগাড়া থানার অন্তর্গত মোটাজোত এলাকায় একটি জঙ্গলের পরিত্যক্ত ঘরথেকে উদ্ধার হল এক নাবালিকার রক্তাক্ত মৃতদেহ। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় এলাকায়। জানা যায় সোমবার বিকেলে ওই এলাকায় মৃতদেহটি দেখতে পায় স্থানীয়রা। তারপরেই খবর দেওয়া হয় শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের মাটিগাড়া থানার পুলিশকে। ঘটনাস্থলে মাটিগাড়া থানার পুলিশ পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে মৃত ওই নাবালিকার দেহে মাথায় চোট রয়েছে। পুলিশের প্রাথমিক অনুমান ওই নাবালিকাকে খুন করা হয়েছে। তবে ঘটনা আদৌ খুন কিনা তা নিয়ে তদন্ত শুরু করেছে মাটিগাড়া থানার পুলিশ।




# বাড়ির সীমানা দখলকে কেন্দ্র করে দুই পরিবারের সংঘর্ষে গুরুতর জখম হলো পাঁচজন

**মালদা ঃ** বাড়ির সীমানা দখলকে কেন্দ্র করে দুই পরিবারের সংঘর্ষে গুরুতর জখম হলো পাঁচজন। আহতদের চিকিৎসা চলছে মালদা মেডিকেল কলেজে। সোমবার সকালে এই সংঘর্ষের ঘটনাটি ঘটেছে ইংরেজবাজার থানার নরহাট্টা গ্রাম পঞ্চায়েতের লক্ষ্মী ঘাট এলাকায়। এই গোলমালের ঘটনার পর দুই পক্ষই ইংরেজবাজার থানার লিখিত অভিযোগ দায়ের করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, আহতদের নাম হাকিম শেখ (১৮), খৈমন বিবি (৫০)। অপরপক্ষে আহত হয়েছে আলম শেখ (৫২) । লতিফা বিবি (৪৮) এবং তাদের মেয়ে আফসানা খাতুন (১৯)। এদিন সকালে হাকিম শেখ তার বাড়ির সীমানা ঘেরার জন্য পাঁচিল দিচ্ছিল। সেই সময় বাধা দেয় আলম শেখ। এই নিয়ে শুরু হয় দুই পক্ষের মধ্যে মারধোর। ঘটনায় দুই পক্ষের মোট পাঁচজন আহত হয়। আহতদেরকে উদ্ধার করে নিয়ে আসা হয় মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে। এদিকে এই গোলমালের ঘটনার পর পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

## অন্যায় ভাবে মারধরের অভিযোগ উঠেছে এক সিভিক ভলেন্টিয়ারের বিরুদ্ধে

**মালদা ঃ** স্কুল ছাত্রকে অন্যায় ভাবে মারধরের অভিযোগ উঠেছে এক সিভিক ভলেন্টিয়ারের বিরুদ্ধে। আহত দ্বাদশ শ্রেণীর ওই স্কুল ছাত্রের চিকিৎসা চলছে মালদা মেডিকেল কলেজে। ঘটনাটি ঘটেছে মানিকচকের ভুতনি এলাকায় । আক্রান্ত ওই ছাত্রের পরিবার ভুতনি থানায় অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ারের বিরুদ্ধে লিখিত নালিশ জানাতে গেলে , তা গ্রহণ করা হয় নি বলে অভিযোগ। অবশেষে আক্রান্ত ওই ছাত্রের পরিবার সোমবার দুপুরে মালদার পুলিশ সুপার প্রদীপ কুমার যাদবের দারস্থ হয়েছেন। পুলিশ সুপারের কাছে ওই সিভিক ভলেন্টিয়ারের বিরুদ্ধে ছাত্র নির্যাতনের ঘটনার অভিযোগ দায়ের করা হয়েছে। আক্রান্ত ওই ছাত্রের পরিবারের অভিযোগ, আহত স্কুল ছাত্রের নাম টুয়েল শেখ (১৮)। সে মানিকচকের ভুতনি হাইস্কুলের দ্বাদশ শ্রেণিতে পাঠরত। গত ১৬ অআগস্ট মোটর বাইকে করে ব্যাঙ্ক থেকে বাড়ি ফিরছিল টুয়েল। অভিযোগ, ভুতনি থানার এক সিভিক ভলাঃিটয়ার রবিউল শেখের বাবাকে মোটর বাইকে ধাক্কা মারে টুয়েল। এরপরে, টুয়েলকে এলোপাথাড়ি ভাবে মারধর করা হয়। ওই ছাত্রের পরিবারের অভিযোগ, ভুতনি থানাতে গেলেও পুলিশ অভিযোগ নেয় নি। সংশ্লিষ্ট থানার পুলিশ কোনও ব্যবস্থা নিচ্ছে না বলে অভিযোগ তুলে পুলিশ সুপারের দারস্থ হন আহত টুয়েলের পরিবারের সদস্যরা।

## তৃণমূল ছাত্র পরিষদের ২ গোষ্ঠীর সংঘর্ষে উত্তপ্ত হয়ে শীতলকুচি কলেজ চত্বর

**কোচবিহার ঃ** তৃণমূল ছাত্র পরিষদের ২ গোষ্ঠীর সংঘর্ষে উত্তপ্ত হয়ে শীতলকুচি কলেজ চত্বর। মারধের ঘটনায় মাথা ফাটল তৃণমূল ছাত্র পরিষদের এক সদস্যের।এমনকি মারধরের এই ঘটনায় বেশ কয়েকজন আহত হয়েছে বলে খবর রয়েছে। আজ তৃণমূল ছাত্র পরিষদের কোচবিহার জেলা সভাপতি অনির্বাণ সরকার শীতলকুচি কলেজে গেলে কলেজের তৃণমূল ছাত্র পরিষদের বিক্ষুব্ধ সদস্যরা তাকে গো ব্যাক, চোর স্লোগান দেয়। এরপরেই দুই গোষ্ঠীর মধ্যে বাকবিতণ্ডা থেকে হাতাহাতি ও মারধর শুরু হয় বলে জানা গেছে। এই ঘটনায় বেশ কয়েকজন তৃণমূল ছাত্র পরিষদের সদস্যে আহত হয়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় শীতলকুচি থানার পুলিশ।পরে পুলিশ লাঠি চার্জ করে ছত্রভঙ্গ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।




## শিলিগুড়িতে ১০ কোটি টাকার মাদক উদ্ধারের ঘটনায় মাস্টারমাইন্ডকে গ্রেফতার করলো পুলিশ।ধৃত মহিলার নাম মেরি সোনা

**শিলিগুড়ি ঃ** শিলিগুড়িতে ১০ কোটি টাকার মাদক উদ্ধারের ঘটনায় মাস্টারমাইন্ডকে গ্রেফতার করলো পুলিশ।ধৃত মহিলার নাম মেরি সোনা।নকশালবাড়ি, খড়িবাড়ি, পানিট্যাঙ্কি এলাকায় মাদক কারবার চালাতো সে।রবিবার রাতে শালুগাড়া সংলগ্ন এলাকা থেকে মহিলাকে গ্রেফতার করেছে ভক্তিনগর থানার পুলিশ। গত ১৬ আগস্ট ইস্টার্ন বাইপাস সংলগ্ন পেট্রোল পাম্পের পাশে এসওজি এবং ভক্তিনগর থানার পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে একটি পিকআপ ভ্যান আটক করে।তল্লাশি চালিয়ে উদ্ধার হয় ৪ কিলো ৮১২ গ্রাম ব্রাউন সুগার।যার বাজারমূল্য প্রায় ১০ কোটি টাকা।গ্রেফতার করা হয় রশিদ শেখ, দূর্গা সোরেন এবং প্রদীপ মুন্ডাকে।ধৃতদের জিজ্ঞাসাবাদ করে মেরি সোনার নাম উঠে আসে।এরপর ভক্তিনগর থানার পুলিশ রবিবার শালুগাড়া সংলগ্ন এলাকা থেকে মেরিকে গ্রেফতার করে।মেরি সোনা নকশালবাড়ি, খড়িবাড়ি, পানিট্যাঙ্কি এলাকার মাদক কারবারের মাস্টারমাইন্ড। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মেরি সোনা মালদা থেকে এই মাদক অর্ডার করেছিল।সেই মাদক আনতে ইস্টার্ন বাইপাসে দূর্গা সোরেন এবং প্রদীপ মুন্ডাকে পাঠিয়েছিল সে।তবে তাঁর আগেই পুলিশ তাদের গ্রেফতার করে। এর আগেও মাদক পাচারের অভিযোগে নকশালবাড়ি পুলিশ মেরি সোনাকে গ্রেফতার করেছিল।কয়েকমাস আগেই জেল থেকে ছাড়া পায় সে।জেল থেকে বাইরে আসার পর বেশকিছুদিন কারবার বন্ধ রেখেছিল মেরি।এরপর ধীরে ধীরে মাদকের কারবার শুরু করে।কিন্তু এসওজি ও পুলিশের অভিযানে ফের একবার গ্রেফতার হল এই মেরি মাস্টারমাইন্ড। ধৃতকে আজ জলপাইগুড়ি আদালতে পেশ করা হয়েছে।গোটা ঘটনার তদন্তে পুলিশ

## নিষিদ্ধ পাখিসহ গ্রেফতার এক ব্যক্তি

**শিলিগুড়ি ঃ** গোপন সুত্রের ভিত্তিতে স্টেডিয়াম সংলগ্ন বিধান রোডে বন দপ্তরের অভিযানে নিষিদ্ধ টিয়া পাখি সহ একজনকে গ্রেপ্তার করল ডাবগ্রাম রেঞ্জের বনকর্মীরা। সোমবার দুপুরে বৈকুন্ঠপুর ডিভিশনের অন্তর্গত ডাবগ্রাম রেঞ্জে গোপন সুত্রে খবর আসে কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম সংলগ্ন বিধান রোডের ধারে বেশ কয়েকটি টিয়া পাখি বিক্রি হচ্ছে।সেই মতে রেঞ্জার রাজীব লামার নেতৃত্বে বন দপ্তরের আধিকারিকেরা ঐ এলাকার দোকান গুলোতে অভিযান চালায়। সেখানেই একটি দোকান থেকে উদ্ধার হয় একটি খাঁচাবন্দি টিয়াপাখি। ধৃত ব্যক্তির নাম রাজা পাল (২৪) বাড়ি ঘোঘোমালি এলাকায়। ধৃতকে আগামীকাল জলপাইগুড়ি আদালতে পাঠানো হবে

## অটো এবং মোটর বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল এক বৃদ্ধের। এই দুর্ঘটনায় অটোর ছয়জন যাত্রী গুরুতর জখম হয়েছেন

**মালদা ঃ** অটো এবং মোটর বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল এক বৃদ্ধের। এই দুর্ঘটনায় অটোর ছয়জন যাত্রী গুরুতর জখম হয়েছেন । তাদের চিকিৎসা চলছে মালদা মেডিকেল কলেজে। সোমবার দুপুরে ঘটনাটি ঘটেছে মানিকচক থানার বাকিপুর এলাকার রাজ্য সড়কে। পুলিশ সূত্রে জানা গিয়েছে মৃতবৃদ্ধের নাম হরেন বসাক (৯০)। এদিন যাত্রী বোঝাই অটোটি মোথাবাড়ি থানার আলমটোলা থেকে মানিকচকের দিকে যাচ্ছিল। ওই সময় সামনের দিক থেকে একটি বাইক প্রচন্ড গতিতে মালদার দিকে যাচ্ছিল। কিন্তু বাঁকিপুরের কাছে মালদা মানিকচক রাজ্য সড়কের ওপর অটোর সঙ্গে বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষের পর অটোটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের নয়নজুলিতে পড়ে যায়। ফলে এই ঘটনায় বাইক চালক এবং অটোর যাত্রী মিলিয়ে মোট ৭জন আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসে। জরুরি বিভাগেই চিকিৎসকেরা হরেন বসাক নামে বৃদ্ধকে মৃত বলে ঘোষণা করে।

## রহস্যজনক অবস্থায় এক যুবকের দেহ উদ্ধার


**মালদা ঃ** মালদার একটি বেসরকারি নেশা মুক্তি কেন্দ্রে রহস্যজনক অবস্থায় এক যুবকের দেহ উদ্ধারকে ঘিরে তুমুল চাঞ্চল্য ছড়ালো। মৃতের পরিবারের অভিযোগ, তাদের পরিবারের ছেলেকে ওই নেশা মুক্তি কেন্দ্র কর্তৃপক্ষ পিটিয়ে খুন করেছে। এই ঘটনায় মিল্কি এলাকার ওই বেসরকারি নেশা মুক্তি কেন্দ্রের বিরুদ্ধে ইংরেজবাজার থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন মৃতের পরিবার। সোমবার সকালে ওই যুবকের মৃতদেহটি নেশা মুক্তি কেন্দ্র থেকে উদ্ধার করেই ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজের মর্গে আনার ব্যবস্থা করে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃত ওই যুবকের নাম মহম্মদ ফিরোজ আকতার (৩৫)। গত শনিবার রাত সাড়ে দশটা নাগাদ মিল্কির একটি নেশা মুক্তি কেন্দ্রে ওই যুবককে ভর্তি করা হয়। এরপর রবিবার রাত এগারোটা নাগাদ পরিবারের লোকেরা খবর পায় মালদা মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যু হয়েছে তাদের ছেলের। মৃত যুবকের পরিবারের অভিযোগ, পিটিয়ে খুন করা হয়েছে তাদের পরিবারের ছেলেকে। এই ঘটনায় সোমবার সকালে ইংরেজবাজার থানায় ওই হোম কর্তৃপক্ষের বিরুদ্ধে একটি খুনের অভিযোগ দায়ের করা হয়। যদিও এই বিষয়ে হোম কর্তৃপক্ষের কোন বক্তব্য পাওয়া যায় নি। ঘটনার পর থেকে মিল্কির ওই নেশা মুক্তি কেন্দ্রে তালা মারা রয়েছে। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে ইংরেজবাজার থানার পুলিশ।

## শিলিগুড়িতে গত ৫ দিন ধরে নিখোঁজ ১৪ বছরের ছেলে

**শিলিগুড়ি ঃ** পাঁচদিন ধরে নিখোঁজ ছেলে।কান্নায় ভেঙে পড়েছেন মাবাবা। নিখোঁজ কিশোরের নাম শুভম ঘোষ (১৪)। বাড়ি ফুলবাড়ি ১ নং গ্রাম পঞ্চায়েতের গোড়ামোড় সংলগ্ন ডাবগ্রাম নাওয়াপাড়া এলাকায়।শুভমের বাবা বাবলু ঘোষ জানান, গত বৃহস্পতিবার সকালে বন্ধুর বাড়িতে যাবে বলে বাড়ি থেকে বের হয় শুভম।কিন্তু সন্ধ্যা হয়ে গেলেও বাড়িতে না ফিরলে খোঁজ নিয়ে জানা যায় ওই বন্ধুর বাড়িতে যায়নি শুভম।এরপর আত্মীয়স্বজনের বাড়ি সহ বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করা হয় শুভমকে। এরপর এনজেপি থানায় নিখোঁজ সংক্রান্ত অভিযোগ জানান পরিবারের সদস্যরা।কিন্তু পাঁচদিন পেরিয়ে গেলেও এখনও পর্যন্ত ছেলের কোনোরকম খোঁজ না পাওয়ায় কান্নায় ভেঙে পড়েছেন শুভমের বাবামা। কোন সহৃদয় ব্যক্তি যদি শুভমের খোঁজ পেয়ে থাকেন তাহলে যোগাযোগ করুনঃ ৬২৯৪৩৪৫১৬৫ এই নম্বরে।

## জামাইকে মোটরবাইক কিনে না দেওয়ায় নববধূকে বিদ্যুতের শক দিয়ে খুনের অভিযোগ উঠলো শ্বশুরবাড়ির বিরুদ্ধে

**মালদা ঃ** জামাইকে মোটরবাইক কিনে না দেওয়ায় নববধূকে বিদ্যুতের শক দিয়ে খুনের অভিযোগ উঠলো শ্বশুরবাড়ির বিরুদ্ধে। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে হরিশ্চন্দ্রপুর থানার শ্রীপুর এলাকায়। সোমবার সকালে ওই গৃহবধূর মৃতদেহ ময়না তদন্তের জন্য মালদা মেডিকেল কলেজের মর্গে নিয়ে আনা হয়। এই ঘটনায় মৃতের পরিবার অভিযুক্ত জামাই জাহাঙ্গীর আলমসহ শ্বশুরবাড়ির লোকেদের বিরুদ্ধে হরিশ্চন্দ্রপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। ঘটনার পর থেকে পলাতক অভিযুক্তরা। পুলিশ সূত্রে জানা গিয়েছে , গৃহবধূর নাম জুলি পারভিন (২০)। তার বাড়ি চাঁচল মহকুমার হরিশ্চন্দ্রপুর থানার খরা গ্রাম এলাকায়। ওই গ্রামের স্থানীয় বাসিন্দা হাইমুদ্দিন শেখের মেয়ে জুলি পারভীনের সাথে ছয় মাস আগে বিয়ে হয় শ্রীপুরের যুবক জাহাঙ্গীর আলমের সাথে। মৃত গৃহবধূর পরিবারের অভিযোগ, বিয়েতে নগদ ৫০ হাজার টাকা সোনার অলংকার সহ অন্যান্য ঘর সাজানোর সরঞ্জাম দিয়েছিলেন। এরপর মোটর বাইক কেনার জন্য আবার এক লক্ষ টাকা পণের দাবি করে জামাইসহ শ্বশুরবাড়ির লোকেরা বলে অভিযোগ। গৃহবধূর বাবা হাইমুদ্দিন শেখ পণ না দিতে পাড়ায় গৃহবধূকে মাঝেমধ্যে শারীরিক ও মানসিক নির্যাতন করা হতো। মৃতের বাবা হাইমুদ্দিন শেখ পুলিশকে অভিযোগে জানিয়েছেন, রবিবার গভীর রাতে তার মেয়ে মোবাইলে ফোন করে জানিয়েছিল তাকে মাঝেমধ্যেই বিদ্যুতের শক দিয়ে মারা হচ্ছে। তাকে উদ্ধারের কথাও বলেছিল মেয়ে । ভেবেছিলাম সোমবার সাত সকালেই মেয়েকে নিয়ে আসবো। কিন্তু ভোর হতেই মেয়ের মৃত্যুর কথা গ্রামের লোকেদের মুখে জানতে পারি। এরপর জামাইয়ের বাড়ি ছুটে যায়। দেখি মেয়ের নিথর দেহ শোবার ঘরে পড়ে রয়েছে। গোটা শরীরে বিদ্যুতের তার জাড়ানো রয়েছে। হাত এবং পা ছিল বাঁধা। এরপরই বিষয়টি পুলিশকে জানানো হয়। হরিশ্চন্দ্রপুর থানার পুলিশ জানিয়েছে, মৃত ওই গৃহবধূর শ্বশুরবাড়ির পাঁচ জনের বিরুদ্ধে খুনের একটি লিখিত অভিযোগ দায়ের হয়েছে। অভিযুক্ত না পলাতক তাদের খোঁজ চালানো হচ্ছে।




## আজকের দিনটি



**মেষ ঃ** পারিবারিক চিন্তা। আয় কম, খর্চা বেশী। স্বাস্থ্য বাধা।

**বৃষ ঃ** প্রেমি-প্রেমিকার মধ্যে মনোমালিন্য। আর্থিক দুরাবস্থা, স্বাস্থ্যর অবনতি।

**মিথুন ঃ** ভোগ বিলাসে সময় কাটবে। ধনের অপব্যায়, পারিবারিক কার্যে বাধা।

**কর্ক ঃ** মান-সম্মান ও প্রতিষ্ঠায় বৃদ্ধি। অনিষ্ঠ গ্রহের শান্তি করান অন্যথা দুর্ঘটনার সম্ভাবনা।

**সিংহ ঃ** মুখরোচক আহারের সম্ভাবনা। বিদের ভ্রমণ বা অন্যান্য স্থানে ভ্রমণের যোগ। পরিবারে কিঞ্চিত অশান্তি।

**কন্যা ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**বৃশ্চিক ঃ** লম্বিত কার্য সম্পন্ন হইবে। সন্তান যোগের সম্ভাবনা। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক ।

**তুলা ঃ** সন্তানের শারিরিক অবনতি। মা-বাবার সন্তান সুখ লাভ। গৃহ-ভূমি কেনার সম্ভাবনা।

**ধনু ঃ** নতুন কার্য ও নতুন ব্যাবসার উদ্বোধন। রাজনীতিজ্ঞদের উচ্চ পদ লাভ।

**মকর ঃ** পরিশ্রমদ্বারাই জীবনযাপন সুষ্ঠ ভাবে সম্ভব। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক। ভ্রমণে সম্ভাবনা ।

**কুম্ভ ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**মীন ঃ** ব্যবসায় লোকসান, হওয়া কাজে বাধা, মহিলারা নিজের সাস্থ্যের দিকে লক্ষ রাখুন।

**তান্ত্রিক অশোক স্বামী**

# উত্তর দিনাজপুরে জমি দখল নিয়ে সংঘর্ষ ও গুলিতে আহত ১২ জন



উত্তর দিনাজপুর ঃফের ছড়রা গুলি চলল চোপড়ায়। চা বাগানের জমির দখল নিয়ে জমি মাফিয়াদের গুলিতে এখনও পর্যন্ত ১২ জনের মতো আহত ব্যক্তিকে চোপড়ার দলুয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসা হয়েছে। স্থানীয় চিকিৎসকদের পরামর্শে তাদের উত্তরবঙ্গ মেডিকেল কলেজে স্থানান্তরিত করার পরামর্শ দেওয়া হয়েছে।

স্থানীয় সুত্রে জানা গেছে চোপড়ার আমবাড়ি এলাকায় পিয়ারেলাল চা বাগানের মালিক বছর খানেক আগে তাদের বাগান বিক্রি করে চলে যায়। সেই বাগানে প্রায় ৬২ একর জমি ভেস্ট ল্যান্ড। আদিবাসীদের দাবী দীর্ঘদিন আগে তাদের পুর্বপুরুষের দখলে ছিল ওই জমি। পিয়ারেলাল টী এস্টেট এর মালিকরা এসে কাজ দেওয়ার প্রতিশ্রুতিতে সেই জমি নিয়েছিলেন। কিন্তু একদিন তারা কাউকে কিছু না বলে জমি মাফিয়াদের বাগান বিক্রী করে চলে যায়। সেই ঘটনা জানাজানি হতেই আদিবাসীদের বর্তমান প্রজন্ম সেই জমির দখল নিতে বাগানে এসে বাড়ি ঘর বানিয়ে বসবাস শুরু করে। প্রায় বছর খানেক ধরে আদিবাসী সম্প্রদায় ও জমি মাফিয়াদের গোলমাল চলছেই। দু'একবার গোলাগুলি বোমাবাজির মতো ঘটনাও ঘটেছে। কিন্তু কোনও স্থায়ী সমাধান বের হয়নি। প্রশাসনের তরফে পিয়ারেলাল টী এস্টেট এ সেই সময় একটি পুলিশ ক্যাম্প করা হয়। সেই পুলিশ কাম্পের আরও দুটি পুলিশ চৈকিও করা হয় পিয়ারেলাল চা বাগানে। সেই বাগানেই সোমবার সকালে চলল গুলি। পুলিশের সামনে কিভাবে জমি মাফিয়ারা গুলি চালালো তা নিয়েও প্রশ্ন উঠছে। ঘটনার তদন্ত শুরু করেছে চোপড়া থানার পুলিশ। ঘটনাস্থলে পাঠানো হয়েছে বিরাট পুলিশ বাহিনী। আছে চাপা উত্তেজনা।

## পুরাতন মালদার এক বিজেপি পঞ্চায়েত সদস্যের বাড়িতে সশস্ত্রদল বল নিয়ে হামলা চালানোর অভিযোগ উঠলো তৃণমুল আশ্রিত দুস্কৃতিদের বিরুদ্ধে

**মালদা** ঃ পঞ্চায়েত ভোট এবং বোর্ড গঠন পর্ব মিটে গেলেও রাজনৈতিক প্রতিহিংসার পালা এখনো থেমে নেই মালদায়। এবারে পুরাতন মালদার এক বিজেপি পঞ্চায়েত সদস্যের বাড়িতে সশস্ত্র দল বল নিয়ে হামলা চালানোর অভিযোগ উঠলো তৃণমূল আশ্রিত দুস্কৃতিদের বিরুদ্ধে। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানার সাহাপুর গ্রাম পঞ্চায়েতের বাগানপাড়া এলাকায়। এই হামলার ঘটনায় সংশ্লিষ্ট এলাকার বিজেপির গ্রাম পঞ্চায়েত সদস্যা মধুমিতা কর্মকার স্থানীয় তৃণমূল কর্মী শংকর ঘোষ ও তার দলবলের বিরুদ্ধে পুরাতন মালদা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। যদিও নিজের বিরুদ্ধে ওটা সমস্ত অভিযোগ ভিত্তিহীন বলে পাল্টা দাবি করেছেন স্থানীয় তৃণমূল কর্মী শংকর ঘোষ।


সাহাপুর গ্রাম পঞ্চায়েতের বাগানপাড়া এলাকার বিজেপি দলের নির্বাচিত সদস্যা মধুমিতা কর্মকারের বক্তব্য, রবিবার এলাকায় দুই যুবক চরম গোলমাল করছিল । আমি এলাকার একজন নির্বাচিত জনপ্রতিনিধি। সেইজন্য আমার স্বামী ওই গোলমাল থামাতে গিয়েছিলেন। তখনকার মতো বচসা থেমেও। যায় এরপর রাতে আচমকায় এলাকারই এক তৃণমূল কর্মী শংকর ঘোষ দলবল নিয়ে আমার বাড়িতে অতর্কিত হামলা চালায়। হাঁসুয়া দিয়ে দরজা ভেঙে দেওয়া হয়। আমাকে এবং আমার স্বামীকে খুনের হুমকিও পর্যন্ত দেওয়া হয়েছে। বিজেপির গ্রাম পঞ্চায়েত সদস্যার আরো অভিযোগ, এলাকায় গোলমালের প্রতিবাদ করাতেই এই ভাবেই হামলা সম্মুখীন হতে হয়েছে। বিষয়টি পুলিশ এবং দলের জেলা নেতৃত্ব কেও জানিয়েছি। এদিকে যার বিরুদ্ধে অভিযোগ সেই তৃণমূল কর্মী শংকর ঘোষ জানিয়েছেন, এলাকাতে কিছু যুবক গোলমাল করছিল। তাদেরকে আমি বাঁধা দিতে গিয়েছিলাম। সেই সময় ওই পঞ্চায়েত সদস্যার স্বামী আমাকে এসে হুমকি দেয় এবং বাঁশ দিয়ে মারতে ওঠে। তখন প্রতিবাদ করেছিলাম । এখন ওই পঞ্চায়েত সদস্যা যেভাবে মিথ্যা কথা বলছে তা সম্পূর্ণ ভিত্তিহীন। পুলিশকে আমিও আমার তরফ থেকে অভিযোগ জানিয়েছি। পুরাতন মালদা থানার পুলিশ জানিয়েছে, পুরো বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

## সৌদি আরবে জনশক্তি রপ্তানি বাড়লেও কমেছে রেমিট্যান্স

**ঢাকা ঃ** ¯ বাংলাদেশ থেকে সৌদি আরবে যাওয়া কর্মীর সংখ্যা বিগত তিন বছরে চার গুণ বৃদ্ধি পেলেও সরকারি পরিসংখ্যান অনুযায়ী রেমিট্যান্স আয় কমেছে বলে দেখা যাচ্ছে।

বাংলাদেশ ব্যাংক এর তথ্য অনুসারে ২০২১¯২০২২ অর্থবছরে সৌদি আরব থেকে ৪.৫ মিলিয়ন ডলার রেমিট্যান্স আসলেও ২০২২¯২০২৩ এ তা কমে নেমে আসে ৩.৭ মিলিয়ন ডলারে। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমটি) তথ্য অনুসারে ,বাংলাদেশ থেকে ২০২০ সালে ১ লক্ষ ৬১ হাজার ৭২৬ বাংলাদেশি কাজ পেয়েছিলেন মধ্যপ্রাচ্যের এই দেশটিতে। যা ২০২২ সালে বৃদ্ধি পেয়ে ৬ লাখ ১২ হাজার ৪১৮ জন হয়েছে। সাম্প্রতিক সময়ে হুন্ডির ব্যবহার বেড়ে যাওয়াকে রেমিট্যান্স কমার কারণ বলে মনে করছেন সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এর সিনিয়র রিসার্চ ফেলো অর্থনীতিবিদ তৌফিকুল ইসলাম খান। বাংলাদেশ থেকে যাওয়া কর্মীদের বেশির ভাগই স্বল্প বেতনের চাকরির জন্য বিদেশে যাওয়াকেও রেমিট্যান্স কমার অন্যতম একটি কারণ বলে মনে করছে এই অর্থনীতিবিদ। তবে অর্থনীতি বিশ্লেষকদের মতে বৈশ্বিক অর্থনৈতিক মন্দা ও উচ্চ মুদ্রস্ফীতির কারণে প্রবাসী কর্মীদের রেমিট্যান্স পাঠানোয় প্রভাব পড়েছে।



## সম্পাদকীয়

# বিলাসবহুল জীবনযাপনের বিরুদ্ধে জলবায়ু কর্মীদের বিক্ষোভ

জলবায়ু কর্মীরা এই গ্রীষ্মে একটি বিলাসবহুল সুপার ইয়টে রং স্প্রে করেছেন, ব্যক্তিগত বিমানের উড়ানে বাধা দিয়েছেন এবং গলফ কোর্সে গর্ত খুঁড়ে দিয়েছেন। অতিধনীদের বর্জ্য নির্গমনসংকুল জীবনযাপনের বিরুদ্ধে প্রচারকে জোরালো করতেই এই পদক্ষেপ। জলবায়ু নিয়ে আন্দোলন গত কয়েক বছরে জোরালো হয়েছে। বিশ্ব উষ্ণায়ন যেহেতু বিপজ্জনক স্তরে পৌঁছেছে এবং এর ফলে বিশ্বজুড়ে ব্যাপক উষ্ণতা, বন্যা ও দাবানল দেখা দিচ্ছে। একে ঠেকাতে কৌশলেও আমূল পরিবর্তন হচ্ছে। কিছু বিক্ষোভকারী রাস্তায় অবস্থান করছেন, গলফ ও টেনিসের মতো হাইপ্রোফাইল খেলায় বাধা দিচ্ছেন এবং বিখ্যাত শিল্পকর্মেও কালি বা স্যুপ ছিটিয়ে দিচ্ছেন। তাদের নজর এখন বিত্তশালীদের দিকে। বিশ্বের সবচেয়ে লাভজনক যে সব সংস্থা এখনও জীবাশ্ম জ্বালানিতে বিনিয়োগ করে তাদের কয়েকটিকে দীর্ঘদিন ধরে নিশানা করা হয়েছে। মূলত, তেল, গ্যাস, ব্যাঙ্ক ও বীমা সংস্থাগুলিকে। স্পেনের ইবিজাতে যে বিক্ষোভ হয়েছিল





তার সাথে যুক্ত ছিলেন কারেন কিলিন। তিনি এক্সটিঙ্কশন রেবেলিয়ন কর্মী। তার কথায়, আমরা মানুষের দিকে নয়, বরং তাদের জীবনযাপনের দিকে আঙুল তুলছি। এতে যে অবিচার হচ্ছে তার দিকে। তিনি আরও বলেন, এই গোষ্ঠী অপ্রয়োজনীয় বর্জ্য নির্গমনের বিরুদ্ধে আন্দোলন করেছে। উদাহরণস্বরূপ, অতিধনী ব্যক্তিরা একটা পিজ্জা আনতে যাচ্ছেন নিজস্ব নৌযানে। তিনি বলেন, জলবায়ুগত আপদকালীন পরিস্থিতিতে এটা নৃশংসতা। প্রসঙ্গত, ইবিজা হল ধনীদের গ্রীষ্ম কাটানোর প্রিয় জায়গা। জলবায়ু সংক্রান্ত সক্রিয়তাবাদীদের গোষ্ঠী ফিউচুরো ভেজেতাল বা ভেজিটেবল ফিউচারের কিলিন ও অন্যান্যরা একটি ৩০০ মিলিয়ন ডলারের সুপার ইয়টে স্প্রে রং লাগিয়ে দিয়েছেন। এই ইয়টটি ওয়ালমার্টের উত্তরাধিকারী ন্যান্সি ওয়ালটন লরির। বিক্ষোভকারীরা একটি সাইনবোর্ড ধরেছিল যাতে লেখা ছিল, আপনি ভোগ করেন, অন্যরা ক্ষতিগ্রস্ত হয়। সুইৎজারল্যান্ডে প্রায় ১০০ জলবায়ু কর্মী জেনেভায় অনুষ্ঠিত ইউরোপের সবচেয়ে বড় ব্যক্তিগত বিমান বিক্রয় মেলায় বাধা দেন। সেই সময় তারা নিজেদেরকে বিমান থেকে নামার সিঁড়ি ও প্রদর্শনীর প্রবেশপথে বেঁধে রাখেন। জার্মানিতে জলবায়ু গোষ্ঠী লেজট জেনারেশন, যার অনুবাদ করলে দাঁড়ায় শেষ প্রজন্ম, উত্তর সাগরের সিল্ট নামের রিসর্ট দ্বীপে এক ব্যক্তিগত জেটে স্প্রে রং লাগিয়ে দেয়। স্পেনে সক্রিয়তাবাদীরা গলফ কোর্সে গর্ত খুঁড়ে দেন। রুক্ষ গ্রীষ্মে এই খেলায় প্রচুর জলের ব্যবহার হয়। এরই প্রতিবাদে এমনটা করা হয়েছে। আমেরিকান বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞানী ড্যানা ফিশার বলেন, বিলাসবহুল জীবনযাপন এই মুহূর্তে জলবায়ু সংকটে অসমভাবে প্রভাব ফেলছে। অলাভজনক সংস্থা অক্সফ্যাম ২০২১ সালে একটি রিপোর্ট প্রকাশ করে। সেই রিপোর্ট অনুযায়ী, গ্রহকে উষ্ণ করে তোলে এমন সমস্ত নির্গমনের জন্য যদি মানুষকে দায়ী করা হয়, তাহলে ২০৩০ সালের মধ্যে ১৬ শতাংশ নির্গমনের জন্য দায়ী থাকবেন বিশ্বের ১ শতাংশ ধনী।

# জার্মানিতে বাড়ছে ইংরেজির গুরুত্ব

আদালত, ক্লাসরুম থেকে রাজনীতির মঞ্চ - জার্মানিতে বাড়ছে ইংরেজি ভাষার কদর, যাতে করে আরো গুরুত্বপূর্ণ হতে পারে দেশটি বিশ্বের দরবারে। একটা সময় ছিল যখন জার্মান রাজনীতিবিদেরা ইংরেজি বলতে চাইতেন না।কিন্তু এখন, বহু শীর্ষ নেতৃত্ব তাদের ইংরেজি জ্ঞান দেখাতে ছাড়ছেন না।

সম্প্রতি প্রতিরক্ষা মন্ত্রী বরিস পিস্টোরিয়াস ও পররাষ্ট্রমন্ত্রী আনালেনা বেয়ারবককে দেখা গেছে ইংরেজিতে কথা বলতে। দেখা গেছে অর্থমন্ত্রী ক্রিস্টিয়ান লিন্ডনারকে ও ব্লুমবার্গ টিভিতে জার্মান অর্থনীতি বিষয়ে ইংরেজিতে তর্ক করতে।



উইলিয়াম নোয়া গ্লুক্রফট
প্রাবন্ধিক

এর আগে, সাবেক চ্যান্সেলর আঙ্গেলা ম্যার্কেলকে প্রায় কখনোই দেখা যায়নি ইংরেজি বলতে। তা সে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়েই হোক বা ২০১৯ সালে সিএনএনকে দেওয়া সাক্ষাৎকারেও। কিন্তু বর্তমান চ্যান্সেলর ওলাফ শলৎজ তা না করে একই চ্যানেলে নিজের বক্তব্য ইংরেজিতেই রাখেন।

তবে এক সময় যে সাবেক জার্মান মন্ত্রী গুইডো ভেস্টারওয়েলে ইংরেজির বিরোধিতা করতেন, তার দল এফডিপিই বর্তমানে জার্মানিতে ইংরেজির ব্যবহার বাড়ানোর পক্ষে।



জার্মান অর্থনীতি রপ্তানির ওপর নির্ভরশীল ও এখানে বিশ্বের বড় বড় সংস্থার কার্যালয় রয়েছে। ফলে স্বাভাবিকভাবেই ইংরেজি এখানে বাণিজ্যের ভাষা।

আগস্ট মাসে জার্মান ক্যাবিনেট একটি বিল পাস করে, যার মাধ্যমে বাণিজ্য আদালতের এক্তিয়ারকে বাড়ানো হয় ও ইংরেজি ভাষায় তার কাজ চালানোর ব্যবস্থার নির্দেশ দেওয়া হয়।

এই বিলের লক্ষ্য, জার্মানিকে বিচারব্যবস্থা ও অর্থনীতির দিক দিয়ে বিশ্বের কাছে আরো আকর্ষণীয় করে তোলা, বলেন সরকারের মুখপাত্র ক্রিস্টিয়ান হফমান।

কিন্তু বদল আসতে সময় লাগবে, জানান বাণিজ্য বিষয়ক আইনজীবী মিশায়েল ভাইগেল। এই ধরনের বদলকে বাস্তবায়ন করতে বিনিয়োগ দরকার, দরকার সময়।

সম্প্রতি পাস হওয়া দক্ষ কর্মী বিষয়ক আইনেও জার্মান ভাষার ওপর জোর কমানো হয়েছে। স্কুল কলেজে দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজিকে নিয়ে আসার প্রস্তাব রেখেছে এফডিপি, যা জনগণের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি করছে।


বিভিন্ন সরকারি অফিসে ইতিমধ্যেই শুরু হয়েছে ইংরেজির ব্যবহার। কিন্তু আরো উন্নত অনুবাদের কাজ ও প্রশিক্ষিত কর্মীর প্রয়োজনিয়তা চোখে পড়ার মতো।

২০০৫ সাল থেকে জার্মানির সব প্রাথমিক স্কুলেই ইংরেজি পড়ানো হয়, শুধু ফরাসি সীমান্তের নিকটবর্তী অঞ্চল ছাড়া।

উচ্চশিক্ষার ডিগ্রি প্রোগ্রামগুলির দশ শতাংশই ইংরেজিতে পড়ানো হয়। ইংরেজির ব্যবহার কম হবার কারণে অনেক ক্ষেত্রেই বিদেশিরা পছন্দ করেন না জার্মানিতে দীর্ঘ দিন থাকতে, জলছে ইন্টারনেশনসের সমীক্ষা। কিন্তু ব্যতিক্রম বার্লিন। সেখানে বেশ কিছু ব্যবসার ক্ষেত্রে জার্মান ভাষার ব্যবহার প্রায় নেই বললেই চলে।

এক সময়ে যে বার্লিনে জার্মান ভাষা না জানলে কাজ পাওয়া কঠিন ছিল, সেই বার্লিনেই বিনা জার্মানে কাজ করছে নতুন প্রজন্ম।

# ২০০০ শিল্পকর্ম চুরি, উদ্ধারের চেষ্টায় ব্রিটিশ মিউজিয়াম



ব্রিটিশ মিউজিয়াম থেকে আনুমানিক ২০০০ শিল্পকর্ম উধাও হয়ে গেছে। বিভিন্ন সময়ে চুরি যাওয়া এসব শিল্পকর্ম উদ্ধারে তৎপরতা চলছে বলে জানিয়েছে জাদুঘর কর্তৃপক্ষ।

বিশ্বের বিভিন্ন দেশের ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক নিদর্শনের জন্য খ্যাত ব্রিটিশ মিউজিয়াম থেকে উল্লেখযোগ্যসংখ্যক শিল্পকর্ম চুরি হয়ে গেছে। বিভিন্ন সময়ে এই ঘটনা ঘটলেও সম্প্রতি তা কর্তৃপক্ষের নজরে এসেছে।

চুরি হয়ে যাওয়া এসব জিনিসের মধ্যে স্বর্ণালঙ্কার ও বিভিন্ন দামি পাথর রয়েছে। তবে সেগুলো দর্শনার্থীদের জন্য অবমুক্ত ছিল না। শনিবার বিবিসি রেডিওকে দেয়া এক সাক্ষাৎকারে জাদুঘরের ট্রাস্টির চেয়ারম্যান ও সাবেক অর্থমন্ত্রী জর্জ অসবর্ন এসব তথ্য জানিয়েছেন।

অসবর্ন সাক্ষাৎকারে বলেন, ''জাদুঘরটির সবকিছু ঠিকভাবে তালিকাভুক্ত করা হয়নি, যা এমন বড় একটি প্রতিষ্ঠানের জন্য খুবই অস্বাভাবিক ঘটনা।'' ব্রিটেনের সাবেক এই অর্থমন্ত্রী আরো জানান কী কী চুরি গেছে তার তালিকা করতে ফরেনসিক তদন্ত চালানো হয়েছে। তবে সংখ্যাটি আনুমানিক ২০০০ বলে ধারণা তাদের।

সাক্ষাৎকারে চুরি যাওয়া এসব শিল্পকর্মের কিছু পুনরুদ্ধার সম্ভব হয়েছে বলে নিশ্চিত করেন তিনি। বলেন, ''কিছু জিনিস আমরা উদ্ধার করতে শুরু করেছি, যা কঠিন সময়ে আশার আলো দেখাচ্ছে।'' তবে কী কী এবং কীভাবে সেগুলো উদ্ধার হয়েছে সেই বিষয়ে আর কোনো তথ্য তিনি দেননি। ব্রিটেনের প্রত্নতত্ত্ব সংশ্লিষ্ট কমিউনিটি জাদুঘর কর্তৃপক্ষকে এই বিষয়ে সহায়তা দিচ্ছে বলে জানান তিনি।

এদিকে মেট্রোপলিটন পুলিশ বৃহস্পতিবার জানিয়েছে, তারা সন্দেহভাজন একজনকে চুরির ঘটনায় জিজ্ঞাসাবাদ করেছে। তবে এখন পর্যন্ত কাউকে তারা গ্রেপ্তার করেনি।

এদিকে চুরির তদন্তে ব্যর্থতার দায় নিয়ে মিউজিয়ামের পরিচালক হার্টউইগ ফিশার তার দায়িত্ব থেকে সড়ে দাঁড়াবেন বলে শুক্রবার (২৫ আগস্ট) জানিয়েছেন।

ভ্রমণপিয়াসুদের কাছে লন্ডনের মিউজিয়ামটি অন্যতম জনপ্রিয় ও আকর্ষণীয় পর্যটন কেন্দ্র হিসেবে পরিচিত। মিউজিয়ামে থাকা অনেক প্রাচীন নিদর্শনের মধ্যে অন্যতম 'রোসেট্টা স্টোন' নামের প্রাচীন মিশরীয় ধ্বংসাবশেষ, যেখানে হায়ারোগ্লিফিক বর্ণে বিভিন্ন লেখা খোদাই করা রয়েছে।

# দিল্লি ও উত্তরপ্রদেশের দুই শিক্ষিকার ইসলামোফোবিয়া

দুইটি ঘটনা ঘটেছে। একটা উত্তরপ্রদেশে, একটা দিল্লিতে। দুই নারী শিক্ষিকার মুসলিম ছাত্রদের অপমানকর মন্তব্যের।

খোদ রাজধানী দিল্লির গান্ধী নগরে সরকারি সর্বোদয় বাল বিদ্যালয়ের শিক্ষিকা হেমা গুলাটি নবম শ্রেণির কিছু মুসলিম ছাত্রকে বলেছেন, তাদের পরিবার কেন দেশভাগের সময় পাকিস্তানে চলে যায়নি? তিনি বলেছেন, ''কেন তোমরা ভারতে থেকে গেলে। বারতের স্বাধীনতা সংগ্রামে তো তোমাদের কোনো অংশগ্রহণই ছিল না।'' এছাড়াও তিনি কিছু আপত্তিকর মন্তব্য করেন বলে অভিযোগ।

এরপরই ওই ছাত্রদের পরিবারের পক্ষ তেকে পুলিশে অভিযোগ করা হয়েছে। পুলিশও শিক্ষিকার বিরুদ্ধে তদন্ত শুরু করেছে। পড়ুয়াদের পরিবারের অভিযোগ, এই ধরণের ঘটনা বিদ্বেষ তৈরি করতে পারে। তাই ওই শিক্ষিকাকে ইস্তফা দিতে হবে।

সংবাদসংস্থা এএনআইকে ওই স্কুলের দুই পড়ুয়ার মা অভিযোগ করেছেন, যদি এই শিক্ষিকাকে শাস্তি না দেয়া হয়, তাহলে অন্যরা সাহস পাবে এবং এই রকম মন্তব্য করবে। শিক্ষকশিক্ষিকাদের বলে দেয়া উচিত, তারা যেন শুধু নিজেদের পড়ানোর কাজটা করেন। যে সব বিষয়ে তাদের কোনো জ্ঞান নেই, সে বিষয়ে মন্তব্য না করেন। আর পড়ুয়াদের মধ্যে বিভেদ সৃষ্টি না করেন। তারা চান, ওই শিক্ষিকার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হোক।

স্থানীয় আপ বিধায়ক অনিল কুমার বজপেয়ী সংবাদসংস্থা পিটিআইকে জানিয়েছেন, শিক্ষকরা যেন বাচ্চাদের উপযুক্ত শিক্ষা দেন। তারা যেন বিভেদ সৃষ্টি না করেন। তার দাবি, ওই শিক্ষিকাকে গ্রেপ্তার করতে হবে।

উত্তরপ্রদেশে মুজফফরনগরের স্কুলে একটি ঘটনার ভিডিও ভাইরাল হয়েছে। সেখানে দেখা যাচ্ছে, শিক্ষিকার নির্দেশে একটি মুসলিম ছাত্রকে চড় মারা হচ্ছে। ওই শিক্ষকের নাম তৃপ্তা ত্যাগী। তিনি পাশ থেকে কিছু আপত্তিকর মন্তব্য করছেন সেটাও শোনা গেছে।


তার বিরুদ্ধেও পুলিশে অভিযোগ করা হয়েছে। এরপর ৬০ বছর বয়সি শিক্ষিকা স্বীকার করেছেন, তিনি ভুল করেছেন। তবে তিনি বলেছেন, কোনোরকম সাম্প্রদায়িক উদ্দেশ্য নিয়ে তিনি এই কাজ করেননি। ওই ছেলেটি স্কুল পাল্টে অন্য স্কুলে ভর্তি হয়েছে।



## সাময়িকী

# ফের বিস্ফোরণ, প্রশ্নে পুলিশের ভূমিকা

সাড়ে তিন মাসের মাথায় আবার বেআইনি বাজি কারখানায় বিস্ফোরণ। আবারো কয়েকজনের মৃত্যু। পুলিশ প্রশাসনের ব্যর্থতার জন্যই কি এই পরিণতি?



পায়েল সামন্ত
কলামিস্ট

প্রচণ্ড শব্দে বিস্ফোরণ। ছিন্নভিন্ন মানুষের দেহ। বাজি বারুদের পোড়া গন্ধ। বারবার এমন অভিজ্ঞতাই হচ্ছে পশ্চিমবঙ্গে। একের পর এক বেআইনি বাজি কারখানায় বিস্ফোরণে প্রাণ যাচ্ছে সাধারণ মানুষের। পুলিশ প্রশাসন থাকা সত্ত্বেও কেন এই ঘটনা ঘটছে?

গত ১৬ মে পূর্ব মেদিনীপুরের এগরায় বিস্ফোরণে মারা যান ১১ জন। এই ঘটনার পর এগরা থানার ওসি গণবিক্ষোভের মুখে পড়েন। পরে ঘটনাস্থলে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দুঃখপ্রকাশ করেন। বলেন, বেআইনি বাজি কারখানা বন্ধে পুলিশ কড়া ব্যবস্থা নেবে, আরো কঠোর হবে নজরদারি। কিন্তু সাড়ে তিন মাসের মাথায় রবিবার সকাল ১০টায় ফের জোরালো বিস্ফোরণ। উত্তর ২৪ পরগনার দত্তপুকুরের নীলগঞ্জে ৯ জনের মৃত্যু প্রমাণ করেছে, প্রতিশ্রুতি রয়ে গিয়েছে কাগজেকলমে। তৃণমূল শাসনের গত এক দশকে বাজি কারখানায় মৃত্যু হয়েছে ৭৬ জনের। ৩৬ জনের অঙ্গহানি হয়েছে। শুধু চলতি বছরে মারা গিয়েছেন ২৫ জন। দত্তপুকুরের বিস্ফোরণের পর ক্ষোভে ফেটে পড়েছেন সাধারণ মানুষজন। এলাকার বাসিন্দারা অভিযোগ করেছেন, শাসক দল এবং পুলিশের যোগসাজশে বেআইনি বাজি কারখানা চলতো। বারবার অভিযোগ জানিয়েও কোনো লাভ হয়নি। এগরার বিস্ফোরণের পরও একই ধরনের অভিযোগ সামনে এসেছিল।

স্থানীয়দের দাবি, থানাকে ৫০ হাজার টাকা প্রতি মাসে দেয়া হতো বাজি কারখানার জন্য। তাই পুলিশ হাত গুটিয়ে থাকতো। তৃণমূল নেতাদের বলা হলে তারা পাল্টা গারদে পুরে দেওয়ার হুমকি দিতেন বলে অভিযোগ। মন্ত্রী রথীন ঘোষও বিষয়টি জানতেন বলে এলাকাবাসীর দাবি। যদিও মন্ত্রী বলেছেন, এই ঘটনার সঙ্গে তৃণমূলের কোনো যোগ নেই। মন্ত্রী ও বারাসাতের তৃণমূল সাংসদ কাকলি ঘোষ দস্তিদার অভিযোগ করেছেন, বাজি কারখানা চালাচ্ছিল আইএসএফ। এই দাবি খারিজ করে পাল্টা চ্যালেঞ্জ জুড়েছেন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী।

পরিবেশ আদালতের নির্দেশ অনুযায়ী, যে কোনো ধরনের বাজি কারখানা অবৈধ। সাবেক পুলিশকর্তা নজরুল ইসলাম বলেন, সবুজ বাজি কারখানা ছাড়া সবই বেআইনি। তা হলে কারখানা কীভাবে চলছে? মুখ্যমন্ত্রী বলার পরও কেন পুলিশ ব্যবস্থা নেয়নি? তাই পঞ্চায়েত ভোটে ভাঙরসহ বিভিন্ন জায়গায় ব্যাপক বোমাবাজি হয়েছে। এতদিনে সব বাজি বোমার কারখানা বন্ধ করে দেয়া উচিত ছিল। গত মে মাসে পরিবেশকর্মীরা এ নিয়ে চিঠি দেন মুখ্যমন্ত্রীকে। 'সবুজ মঞ্চ'-এর সাধারণ সম্পাদক নব দত্ত বলেন, ২০১৫ সালে জাতীয় পরিবেশ আদালত সব বাজি কারখানা ভেঙে দিতে বললেও সে কাজ করা হয়নি। সবুজ বাজির ক্লাস্টার এখনো তৈরি হয়নি। তাহলে এগরা, পিংলা, বজবজ, দত্তপুকুরে কীভাবে বাজির কারখানা চলছে? পুলিশ কেন ব্যবস্থা নিচ্ছে না? বেআইনি বাজির ব্যবসায়ীরা সরকারকে ব্যবহার করছে।

পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন খোদ পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। সূত্রের খবর, সোমবার মন্ত্রিসভার বৈঠকে এ নিয়ে তীব্র ক্ষোভপ্রকাশ করেছেন তিনি। নিচুতলার পুলিশকর্মী থেকে দলীয় নেতৃত্ব সম্পর্কেও তিনি প্রশ্ন তুলেছেন। তাহলে কি মুখ্যমন্ত্রীর নির্দেশ সত্ত্বেও পুলিশ প্রশাসন বাজি কারখানা বন্ধে যথেষ্ট তৎপর হচ্ছে না?

তৃণমূল সাংসদ শান্তনু সেন বলেন, গত কয়েক মাসে একের পর এক বেআইনি বাজি কারখানা চিহ্নিত হয়েছে। সেগুলি বন্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে। কোন রাজ্যের মুখ্যমন্ত্রী এতোটা তৎপর? এজন্য শুধু পুলিশকে দায়ী করতে রাজি নন সাবেক পুলিশকর্তা পঙ্কজ দত্ত। তিনি বলেন, বারাসাতের পুলিশ সুপার বলেছেন, আইএসএফের একজনকে ধরা হয়েছে। এ কথা তৃণমূল নেতারাও বলছেন। অর্থাৎ পুলিশ ও শাসক দলের নেতারা একসুরে কথা বলছেন। ওসি, এসপিরা হচ্ছেন পুলিশ বাহিনীর ক্যাপ্টেন। তারা দলদাস হয়ে পড়ছেন।

## জানা অজানা

### টিমবাকটুতে ইসলামপন্থী জঙ্গিদের অবরোধ, খাদ্য ত্রাণ সরবরাহ বন্ধ

**মালি ঃ** ইসলামপন্থী জঙ্গিদের দুই সপ্তাহের অবরোধের ফলে প্রাচীন শহর টিমবাকটুতে খাদ্য এবং সহায়তার ঘাটতি দেখা দিয়েছে। উত্তর ও পূর্ব মালির বেশিরভাগ অংশে নিরাপত্তার অবনতি দেখা দিয়েছে। শহরটির মেয়র এবং বাসিন্দারা একথা জানায়। টিমবাকটু ইউনেস্কো স্বীকৃত একটি বিশ্ব ঐতিহ্যবাহী স্থান এবং সাহারা মরুভূমির প্রান্তে ইসলামি শিক্ষার একটি বিশেষ অঞ্চল। একটি বিদ্রোহের পর ২০১৩ সালে ফরাসি বাহিনী এটিকে জঙ্গিদের হাত থেকে মুক্ত করার পর থেকে এখানে সহিংসতা চলছে। আল কায়েদা এবং ইসলামিক স্টেটের স্থানীয় সহযোগীদের দ্বারা চলমান অস্থিরতা গত এক বছরে পশ্চিম আফ্রিকার দেশটির সামরিক নেতারা ফরাসি সেনাদের বের করে দেয়ার, জাতিসংঘের শান্তিরক্ষীদের চলে যেতে বলার এবং রাশিয়ার বেসরকারি সামরিক ঠিকাদার ভাগনার গ্রুপের সাথে জোট করার পরে আরও তীব্র হয়েছে। জেএনআইএম নামে পরিচিত স্থানীয় একটি আল কায়েদার সহযোগী সংগঠন মোটামুটি ১৩ আগস্ট থেকে টিমবাকটুতে যাওয়ার রাস্তাগুলো বন্ধ করে দিয়েছে। বাসিন্দারা বলেছেন, প্রায় ৩৫ হাজার মানুষের প্রত্যন্ত শহরে মানবিক সহায়তা বন্ধ করে দেয়া হয়েছে। বছরের পর বছর সহিংসতার ফলে শহরটির অর্থনীতি ধসে পড়েছে। জাতিসংঘের ত্রাণ সংস্থা গত সপ্তাহে বলেছে, কিছু ত্রাণকর্মী নদীপথে শহরে পৌঁছাতে পারেনি এবং স্বাস্থ্যকেন্দ্রে ওষুধ ফুরিয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে। ইউরোপীয় কমিশনের ত্রাণ শাখা বলেছে, কিছু সহায়তা গোষ্ঠী কার্যক্রম স্থগিত করেছে। মালিতে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন এমআইএনইউএসএমএ-কে ক্ষমতাসীন জান্তা জুনে চলে যেতে বলার পর উত্তর অঞ্চল থেকে তাদের প্রত্যাহারের প্রক্রিয়া চলছে। নিরাপত্তার অবনতির কারণে এই মাসে প্রক্রিয়াটি ত্বরান্বিত করতে তারা বাধ্য হয়েছিল।



## পাঠকের চিঠি

### শিউলি আজ ও ফুটে

শিউলি আজ ও ফুটে শরতের আগমনের বার্তা জানিয়ে।আল পথে আজও ফুটে কাশ ফুল।মেঘ মুক্ত শরতের আকাশে আজও মেঘেরা মাঝে মাঝে খেলে বেড়ায় খুশির আনন্দে।কম বেশি আজও দেখা যায় সবুজ ধানের ক্ষেত।পুকুরে পুকুরে আজও ফুটে পদ্ম ফুল।গাছে গাছে দেখা যায় কত রকমের জবা।কিন্তু আগের মতো ভোরের বেলায় কাকেরা ঘরের চালে বসে ভাঙ্গায় না আজ আর আমাদের ঘুম।দুর্গা পূজার একমাস আগে থেকে গ্রামে গ্রামে আর বাজে না ধমসা মাদল।হয় না ভুয়াং ডুবাঙ,কাঠি নাচের আখড়া।হয় না গ্রামে গ্রামে নাটক যাত্রা আগমনী গানের রিহার্সেল।বসে না পালা গানের আসর।এরই মাঝে মা প্রতিবছর আসে আবার চারদিন পরে চলেও যায়।সবই হয় কিন্তু পুজোতে সে খুশি,সে আনন্দ,সেই ইমেজ উন্মাদনা নেই।সব কিছু যেন হারিয়ে গেছে।জোর জুলুম করে চাঁদা আদায় আর সেই পয়সায় মদ ও বাইজি নিয়ে আনন্দ করা ও বিকট আওয়াজে মাইক বাজানো আজকের পূজার নুতন ধারা।আজ আমরা আধুনিক হয়েছি,শিক্ষিত হয়েছি,বিজ্ঞানের কৃপায় পৃথিবীটাকে নিয়ে এসেছি হাতের মুঠোয় কিন্তু অপর দিকে আমাদের জীবন থেকে হারিয়ে গেছে খুশি,আনন্দ,প্রেম প্রীতিভালোবাসা,আত্মীয়তা, বন্ধুত্ব,।আমরা যেন একটা জ্বলন্ত বারুদের মুখের সামনে দাঁড়িয়ে আছি।চারিদিকে একটা যেন ভয় ও আতংক আমাদের কে তাড়া করছে।আমরা আজকাল উৎসব অনুষ্ঠান,পূজা পার্বন, নির্ভয়ে ও খুশি মনে মানাতে পারি না।আমরা কি তবে আজ আধুনিক সভ্যতার পাল্লায় পড়ে মানুষ থেকে বনমানুষে পরিণত হয়ে গেলাম সত্যি আজ ভাবার দিন এসেছে।**সুনীল কুমার, পোটকা**



স্বত্বাধিকারী, মুদ্রক, প্রকাশক, সম্পাদক ঃ রজত কুমার গুপ্তা, দ্বারা এচ.আই. ২৫৪, হরমু হাউসিং কলোনী, রাঁচি-৮৩৪০০২ থেকে প্রকাশিত এবং বৃন্দা মিডিয়া পাবলিকেশন প্রা.লি. চিরৌন্দী, বোড়েয়া রোড রাঁচি থেকে মুদ্রিত। নির্বাহী সম্পাদক ঃ আদিত্য কুমার চ্যাটার্জ্জী* ফোন ঃ ০৬৫১২২৪৪৬০৫, ফৈক্স ঃ ০৬৫১২২৪৪৫০৫ (*পীআরবী অধিনিয়ম অনুযায়ী খবরের চয়নের জন্য উত্তরদায়ী)
Printed, Published & Edited by Rajat Kumar Gupta and printed at Vrinda Media publication pvt.ltd, Chiraundi, Boraiya Road, Ranchi, Published at HI 254, Harmu Housing Colony, Harmu Road, Ranchi-834001, Jharkhand, : Executive Editor :Aditya Kumar Chatterjee * Phone : 0651-2244555, 0651-2244505 (*Responsible for news as per PRB Act) RNI Registration : JHABEN 00015 email-rashtriyokhobor@gmail.com www.rashtriyakhabar.com

# সীমান্ত সমস্যা সমাধানের স্বার্থে শিলংয়ে মেঘালয়ের আঞ্চলিক কমিটির সঙ্গে বৈঠক বনমন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারীর

**দুই রাজ্যের বিধানসভা অধিবেশনের পর সেপ্টেম্বরের শেষের দিকে সনাক্ত করা এলাকাগুলো সফর করবে দুই আঞ্চলিক সমিতি**

সব্যসাচী শর্মা



**গুয়াহাটি ঃ** অসম এবং মেঘালয়ের মধ্যে সীমান্ত বিবাদ সমাধানের উদ্দেশ্যে দুটি রাজ্যের মন্ত্রীরা দুই রাজ্যের আঞ্চলিক কমিটির সঙ্গে অহরহ বৈঠকে হচ্ছেন। ইতিমধ্যে অসম মেঘালয় সীমান্তের খান্দুলি এলাকায় মন্ত্রী পীযূষ হাজরিকা এবং মেঘালয়ের উপমুখ্যমন্ত্রী এস ধরের নেতৃত্বে সীমানা সমস্যা সমাধানের জন্য গঠিত আঞ্চলিক সমিতি দুটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এবার সীমান্ত সমস্যা সমাধানের স্বার্থে শিলংয়ে মেঘালয়ের আঞ্চলিক কমিটির সঙ্গে বৈঠকে মিলিত হয়েছেন অসমের বনমন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী। দুই রাজ্যের বিধানসভা অধিবেশনের পর সেপ্টেম্বরের শেষের দিকে সনাক্ত করা এলাকাগুলো দুই আঞ্চলিক সমিতি সফর করবে বলে বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

প্রসঙ্গত অসম মেঘালয় সীমান্তের সমস্যা সমাধানের জন্য দুটি রাজ্যের সরকার বর্তমান সক্রিয় হয়ে উঠেছে। গত ১৬ আগস্ট অসম মেঘালয় সীমান্তের খান্দুলি এলাকায় মন্ত্রী পীযূষ হাজরিকা এবং মেঘালয়ের উপমুখ্যমন্ত্রী এস ধরের নেতৃত্বে সীমানা সমস্যা সমাধানের জন্য গঠিত আঞ্চলিক সমিতি দুটির বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। এই বৈঠকে বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরমধ্যে দুই রাজ্যের দুটি সমিতির সদস্যরা অসমের পশ্চিম কার্বি আংলং এবং মেঘালয়ের পশ্চিম জয়ন্তিয়া হিলস জেলার খান্দুলি এলাকা পরিদর্শন করে স্থানীয় এলাকাবাসীর মতামত নিয়ে প্রতিবেদন প্রস্তুত করবে বলে ঘোষণা করেছিলেন মন্ত্রী পীযূষ হাজরিকা।

বর্তমান এই ধারা অব্যাহত রাখা হয়েছে। অসম এবং মেঘালয়ের সীমানার বিবাদের পারস্পরিকভাবে গ্রহণযোগ্য সমাধানের সূত্র বের করার জন্য সোমবার অসম এবং মেঘালয়ের আঞ্চলিক সমিতির যৌথ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মেঘালয়ের শিলং এর পাইন উড হোটেলের সভাকক্ষে এই বৈঠকের আযোজন করা হয়েছিল। অসমের পরিবেশ এবং বনমন্ত্রী তথা কামরূপ জেলার অভিভাবক মন্ত্রী চন্দ্রমহল পাটোয়ারী এবং মেঘালয়ের ক্যাবিনেট মন্ত্রি তথা পশ্চিম খাসি পাহাড় আঞ্চলিক সমিতির অধ্যক্ষ পল লিংডো দুই রাজ্যের দুটি আঞ্চলিক সমিতির নেতৃত্ব দিয়েছেন। এই বৈঠকে মেঘালয়ের পশ্চিম খাসি পাহাড় জেলার সীমান্তবর্তী কামরূপ জেলার লাম্পিতে বিবাদমান সীমানা সমস্যা স্থায়ী সমাধান খুঁজে বের করার জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বৈঠকের শেষে সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়ে পরিবেশ এবং বনমন্ত্রী তথা কামরূপ জেলার অভিভাবক মন্ত্রী চন্দ্রমহল পাটোয়ারী বলেন দুটি আঞ্চলিক সমিতির বৈঠক অত্যন্ত সহার্যপূর্ণ পরিবেশে ফলপ্রসু ভাবে অনুষ্ঠিত হয়েছে। আলোচনার মাধ্যমে বিতর্কিত অঞ্চলগুলোর তালিকা সংকুচিত করে আনা হয়েছে। দুটি রাজ্যের বিধানসভার অধিবেশনের পর সেপ্টেম্বরের শেষের দিকে সনাক্ত করা অঞ্চলগুলো আঞ্চলিক সমিতি দুটোর সদস্য সফর করবেন বলে জানালেন তিনি। মন্ত্রী বলেন এই সফরের সময় প্রত্যেক অংশীদারের মতামত গ্রহণ করা হবে। আলোচনার মাধ্যমে সীমানা সমস্যার স্থায়ী সমাধান নির্দিষ্ট সময়ের সম্পূর্ণ হবে বলে আশা প্রকাশ করেছেন পরিবেশ এবং বনমন্ত্রী মন্ত্রী চন্দ্রমহল পাটোয়ারী।

শিলংয়ে অনুষ্ঠিত এই গুরুত্বপূর্ণ সভায় কামরূপের তত্ত্বাবধায়ক সচিব এস লক্ষণন, কামরূপ জেলার জেলাশাসক কীর্তি জল্লি, শিলং অসম ভবনের উপ আবাসি কমিশনার মনজিৎ সোনোয়াল, কামরূপ জেলার পুলিশ সুপার এবং অতিরিক্ত জেলা কমিশনার উপস্থিত ছিলেন। একইভাবে মেঘালয়ের পক্ষ থেকে পশ্চিম খাসি পাহাড় আঞ্চলিক সমিতির অধ্যক্ষ এবং ক্যাবিনেট মন্ত্রী পল লিংডোর সঙ্গে কয়েকজন বিধায়ক এবং কমিটির অন্যান্য সদস্যরা এই বৈঠকে আলোচনায় অংশগ্রহণ করেছেন।

# লোকসভা নির্বাচনে যোরহাট কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক অখিল গগৈকে সমালোচনা প্রদেশ কংগ্রেসের কার্যকরী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থর

**আকার ইঙ্গিতে দলীয় নেতাকে বক্তব্য দেওয়ার সময় সংযত হওয়ার আহ্বান সভাপতি ভূপেন বরার**

সব্যসাচী শর্মা

**গুয়াহাটি ঃ** আসন্ন ২০২৪ লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে শাসকবিরোধী উভয় পক্ষের রাজনৈতিক দলগুলো নিজেদের তৎপরতা অব্যাহত রেখে প্রস্তুতি প্রায় সম্পন্ন করে তুলেছে। বিরোধী পক্ষের অসম প্রদেশ কংগ্রেস নেতৃত্বাধীন ১২ টি দলের মঞ্চ একইভাবে লোকসভা নির্বাচনের জন্য ব্যাপক সক্রিয় হয়ে উঠেছে। এরই মধ্যে লোকসভা নির্বাচনে যোরহাট কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করতে আগ্রতা প্রকাশ করেছেন অখিল গগৈ। কিন্তু এর ফলে বিধায়ক অখিল গগৈর কঠোর ভাষায় সমালোচনা করেছেন প্রদেশ কংগ্রেসের কার্যকরী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ। তবে এবার অখিল গগৈর প্রতি সমর্থন দিয়ে আকার ইঙ্গিতে দলীয় নেতাকে বক্তব্য দেওয়ার সময় সংযত হওয়ার আহ্বান জানিয়েছেন সভাপতি ভূপেন বরা।

উল্লেখ্য অসাম প্রদেশ কংগ্রেস কমিটির উদ্যোগে বিরোধীপক্ষের ১২ টি রাজনৈতিক দলের ঐক্য মঞ্চ গঠন হওয়ার পর থেকে দলগুলো লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য তৎপর হয়ে উঠেছে। রাইজর দলের সভাপতি তথা বিধায়ক অখিল গগৈ লোকসভা নির্বাচনে যোরহাট কেন্দ্র থেকে প্রতিদ্বন্দিতা করার ক্ষেত্রে উদ্যোগ নিয়েছেন। কিন্তু এরপরেই তেলে বেগুনে জ্বলে উঠেন কংগ্রেসের কার্যকরী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ। তিনি বলেন এই সাহস বিধায়ক অখিল গগৈ কোথায় পেলেন। তিনি একজন সম্মানীয় বিধায়ক। ফলে তার উচিত নিজের সম্মান বজায় রাখা। তিনি কিভাবে কোনো লোকসভা কেন্দ্র বাছাই করে নিতে পারেন। এভাবে যোরহাট কেন্দ্র থেকে লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে ঘোষণা করে অখিল গগৈ উচিত করেননি। ভবিষ্যতে এই ধরনের মন্তব্য না করার জন্য বিধায়ককে সতর্ক করে দিয়েছেন অসম প্রদেশ কংগ্রেসের কার্যকরী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ।

অবশেষে এক্ষেত্রে প্রতিক্রিয়া প্রকাশ করেছেন অসম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা। তিনি বলেন যোরহাট কেন্দ্র থেকে লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে অখিল গগৈ মন্তব্য করে কোনো অপরাধ করেননি। প্রতিটি রাজনৈতিক দল বিভিন্ন স্থানে সাংগঠনিক তৎপরতা অব্যাহত রাখে। ফলে সেই এলাকাগুলো থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ইচ্ছা প্রকাশ করা কোনো খারাপ বিষয় নয়। ফলে এক্ষেত্রেও অখিল গগৈ কোনো ভুল করেননি বলে স্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছেন তিনি। প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বরা বলেন বিভিন্ন দলের সঙ্গে সম্পর্কে যাতে ব্যাঘাত সৃষ্টি না হয় সেটা মাথায় রেখে দলীয় নেতৃত্বের মন্তব্য করা উচিত। দলীয় নেতৃত্বকে বক্তব্য দেওয়ার সময় সংযত হওয়া উচিত। অর্থাৎ আকার ইঙ্গিতে কার্যকরী সভাপতি তথা বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থকে সতর্ক করে দিয়েছেন সভাপতি ভূপেন বরা।





# জ্যার্ম্যানিতে রেল ধর্মঘট হচ্ছে না

**বার্লিন ঃ** জার্মানির সরকারি রেলওয়ে অপারেটর ও কর্মী ইউনিয়নের মধ্যে চুক্তি হলো। তাই রেল ধর্মঘট আপাতত হচ্ছে না।

অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটে যাওয়ার কথা জানিয়েছিল পরিবহন কর্মী ইউনিয়ন ইভিজি। কিন্তু জার্মানির রেল অপারেটর ডিবির সঙ্গে তাদের চুক্তি হয়েছে। দুই পক্ষই কর্মীদের বেতন বাড়ানো নিয়ে আর্বিট্রেটরের রায় মেনে নেবে। ইউনিয়নের ৫২ দশমিক তিন শতাংশ কর্মী এই সিদ্ধান্ত মেনে নেয়ার পক্ষে রায় দিয়েছেন। এরপরই ইভিজি ঘোষণা করেছে, তারা আর অনির্দিষ্টকালের ধর্মঘটে যাচ্ছে না। ইভিজির প্রধান মার্টিন বুরকার্ট বার্লিনে বলেছেন, তাদের আশা, এর ফলে কর্মীদের যথেষ্ট পরিমাণে বেতন বাড়বে। কম ও মাঝারি আয়ের কর্মীদের বেতন ৫০ শতাংশ পর্যন্ত বাড়তে পারে।

ডিবিও জানিয়েছে, এই সমঝোতায় তারা খুশি। তবে আরেকটি পরিবহন ইউনিয়ন জিডিএল এই বছরের শেষে তাদের সদস্যদের রায় নিতে শুরু করবে। গত জুন মাসে এই ট্রেনচালকদের ইউনিয়ন তাদের দাবি পেশ করেছিল। তারা জানিয়েছিল, তাদের বেতন মাস অন্তত ৫৫৫ ইউরো বাড়াতে হবে। তাছাড়া তিন হাজার ইউরো করমুক্ত বোনাস দিতে হবে। তাছাড়া ভাতার পরিমাণ ২৫ শতাংশ বাড়াতে হবে।



# ধর্মনগর রেলওয়ে স্টেশন থেকে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর দ্বারা ৬ রোহিঙ্গা গ্রেপ্তার

**মালিগাঁও (সব্যসাচী দে)ঃ** ২৮ আগস্ট, ২০২৩ তারিখে ধর্মনগর রেলওয়ে স্টেশন থেকে ৬ জন রোহিঙ্গাকে গ্রেপ্তার করেছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ)। আরপিএফ ও জিআরপির একটি যৌথ দল ধর্মনগর রেলওয়ে স্টেশনে নিয়মিত তল্লাশি চালানোর সময় এক দল মানুষের সন্দেহজনক কার্যকলাপ শনাক্ত করে। দলটিতে পাঁচজন মহিলা ও এক জন পুরুষ ছিল। জিজ্ঞাসাবাদের সময় তারা কোনও বৈধ নথিপত্র দেখাতে পারেনি। পরে তারা স্বীকার করে যে তারা ভারতে অবৈধভাবে প্রবেশ করেছে এবং তারা বাংলাদেশের কক্স বাজারের পাশে একটি রিফিউজি ক্যাম্পে ছিল। পরে এই রোহিঙ্গাদের গ্রেপ্তার করে পরবর্তী আইনি পদক্ষেপের জন্য ভারপ্রাপ্ত আধিকারিকগভর্মেন্ট রেলওয়ে পুলিশধর্মনগরের হাতে তুলে দেওয়া হয়। ২০২৩এর জানুয়ারি থেকে ২৮ আগস্ট পর্যন্ত উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে মোট ২৩২ জন অবৈধ অনুপ্রবেশকারীকে (রোহিঙ্গা বাংলাদেশি) আরপিএফ গ্রেপ্তার করে। স্টেশন ও ট্রেনগুলিতে নিয়োজিত আরপিএফ কর্মীরা সবসময় সতর্ক থাকেন এবং সীমান্ত অঞ্চল থেকে অবৈধ অনুপ্রবেশের বিরুদ্ধেও সর্বদা নজরদারি রাখেনত২। অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধের জন্য রেলওয়ে স্টেশন ও ট্রেনগুলিতে আরপিএফ নিয়মিত তল্লাশি অভিযান চালিয়ে যাচ্ছে।

## আলিপুরদুয়ার জেলা হাসপাতালে আয়া মাসিদের কাজে পূর্নবহাল করার দাবিতে অবস্থান বিক্ষোভে সামিল হল জাতীয় কংগ্রেস

**আলিপুরদুয়ারঃ** আলিপুরদুয়ার জেলা হাসপাতালে আয়া মাসিদের কাজে পূর্নবহাল করার দাবিতে অবস্থান বিক্ষোভে সামিল হল জাতীয় কংগ্রেস। সোমবার আলিপুরদুয়ার শহড়ের চৌপথিতে জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে অবস্থান বিক্ষোভের আয়োজন করা হয় এদিন দুফুর থেকে বিকেল ওবধি চলবে অবস্থান বিক্ষোভ । জেলা কংগ্রেস কার্যকারী সভাপতি শান্তনু দেবনাথ জানান এর পূর্বে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে শান্তিপূর্ণ ভাবে ডেপুটেশন প্রদান করতে গিয়ে জেলা সুপার তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা করে । এদিন অবস্থান বিক্ষোভে তারা সামিল হয়েছে দাবী পূরণ না হলে আগামীতে আরো বৃহত্তর আন্দোলনে নামবে তারা ।।

## উত্তরবঙ্গ সফরে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, নির্বাচনী প্রচারের পাশাপাশি মতুয়া সম্প্রদায়ের সঙ্গে বৈঠক করবেন

**শিলিগুড়ি** ঃউত্তরবঙ্গ সফরে সোমবার শিলিগুড়ি পৌঁছেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। কলকাতা থেকে বিমানযোগে বাগডোগরা বিমানবন্দরে পৌঁছান তিনি। সেখানে সাংবাদিকদের কিছু প্রশ্নের উত্তর দেওয়ার পর তিনি সরাসরি জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনের প্রচারে চলে যান। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, উত্তরবঙ্গে বিজেপি রেজাল্ট ভালো ছিল এবার আরো ভালো রেজাল্ট হবে। ধূপগুড়িতেও জয়ের ব্যাপারে তিনি ১০০ শতাংশ আশাবাদী। নির্বাচনী প্রচার পাশাপাশি তিনি উত্তরবঙ্গের মতুয়া সম্প্রদায়ের সঙ্গে বৈঠক করবেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র মৃত্যু সহ অনেক ইস্যুতে রাজ্য সরকারের কঠোর সমালোচনা করে তিনি এই সরকার পরিবর্তনের আর্জি জানান।

## *বিধায়ক তহবিল থেকে শিলিগুড়ির ৪৬ নম্বর ওয়ার্ডে নির্মিত বাসস্টপের উদ্বোধন করেন শঙ্কর ঘোষ*

**শিলিগুড়ি ঃ** আজ শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষের বিধায়ক তহবিল থেকে শিলিগুড়ি পুরসভার ৪৬ নং ওয়ার্ডে শ্রীগুরু বিদ্যামন্দির সংলগ্ন এলাকায় একটি বাস স্টপেজের শুভ উদ্ভোধন করেন বিধায়ক শংকর ঘোষ।এই অনুষ্ঠান উপস্থিত ছিলাম স্থানীয় কাউন্সিলর দিলীপ বর্মন সহ অন্যান্যরা।জানা গিয়েছে প্রায় ৩ লক্ষ ৪২ হাজার টাকা দিয়ে এই ব্যাস স্টপেজের নির্মাণ হয়েছে ।শংকর ঘোষ জানান, আমার তহবিল থেকে শহরের উন্নতির ক্ষেত্রে বিভিন্ন কাজের পরিকল্পনা করা হয়েছে। এবং ছোট ছোট বিভিন্ন কাজের দ্বারা শহরের মানুষকে পরিষেবা দেবে আমার মূল লক্ষ অন্য দিকে শাসক দলের কাউন্সিলর দিলীপ বর্মন জানান বিধায়ক অন্য রাজনৈতিক দলের হলেও বিধায়ক তহবিলের সর্বপ্রথম কাজ আমার ওয়ার্ডে হয়েছে তাকে আমি সাধুবাদ জানাই। রাজনৈতিক মতানৈক্য থাকলেও শহর ও শহরবাসীর উন্নয়নে আমরা একসাথে কাজ করব।

## হাই ভোল্টেজ পঞ্চায়েত সমিতির বোর্ড গঠনের আগের দিন ভাইরাল ভিডিওকে ঘিরে শোরগোল জেলা জুড়ে, কাঁচা বাঁশ কেটে লাঠি তৈরি করছে তৃণমূল নেতাকর্মীরা

**মালদা ঃ** পঞ্চায়েত সমিতির বোর্ড গঠনের আগের দিন ভাইরাল ভিডিওকে ঘিরে শোরগোল জেলা জুড়ে।ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা যাচ্ছে তৃণমূল নেতাকর্মীরা কাঁচা বাঁশ কেটে লাঠি তৈরি করছে। সেখানে উপস্থিত তৃণমূল নেতৃত্বকে বলতে শোনা যাচ্ছে কংগ্রেস,সিপিএম, বিজেপির গুন্ডাগিরি রুখতে এই প্রস্তুতি। সাথে সেখানে উপস্থিত একজন তৃণমূল নেতা বলছে এবার আমরা যুদ্ধের জন্য প্রস্তুতি নিচ্ছি।আর সেই ভিডিও সামনে আসতে নিন্দার ঝড় রাজনৈতিক মহলে।বিরোধীদের অভিযোগ যেহেতু তৃণমূল বুঝতে পেরেছে বোর্ড হাত ছাড়া হবে তাই আগাম এলাকায় সন্ত্রাস তৈরি করার চেষ্টা করছে। যদিও সমগ্র ঘটনা নিয়ে পাল্টা বিরোধীদের দিকেই আঙুল তুলেছে তৃণমূল। তুঙ্গে উঠেছে রাজনৈতিক তরজা। আগামীকাল অর্থাৎ মঙ্গলবার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন হবে।আর হাইভোল্টেজ এই বোর্ড গঠন প্রক্রিয়াকে কেন্দ্র করে ক্রমশ তেতে উঠছে এলাকা। ২১ টি আসন বিশিষ্ট হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক পঞ্চায়েত সমিতিতে ১১ টিতে জিতেছে সিপিআইএম কংগ্রেস জোট এবং ১০ টি তে তৃণমূল।স্বাভাবিক ভাবেই পঞ্চায়েত সমিতির বোর্ড গঠনের দৌড়ে এগিয়ে রয়েছে কংগ্রেস সিপিআইএম জোট।এর আগেই জোটের জয়ী প্রার্থীদের শিবিরকে লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগ উঠেছিল তৃণমূলের বিরুদ্ধে। ইতিমধ্যেই এই পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন প্রক্রিয়া একবার স্থগিত হয়েছে। নিরাপত্তার কারণ দেখিযে প্রক্রিয়া স্থগিত করেছিল প্রশাসন। আগামীকাল পুনরায় হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক পঞ্চায়েত সমিতির বোর্ড গঠন হবে।আর তার আগেই প্রকাশ্যে এসছে এই ধরনের ভিডিও। এই প্রসঙ্গে সিপিএমের রাজ্য কমিটির সদস্য জামিল ফিরদৌসের অভিযোগ, হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকে সাতটির মধ্যে ছয়টি গ্রাম পঞ্চায়েত হাত ছাড়া হয়েছে তৃণমূলের। পঞ্চায়েত সমিতিও হাত ছাড়া হতে চলেছে। জোটের জয়ী সদস্যদের পয়সা দিয়ে কিনতে ব্যর্থ তৃণমূল। স্থানীয় বিধায়ক তথা রাজ্যের প্রতিমন্ত্রী তাজমুল হোসেন এই হার মেনে নিতে পারছেন না। তাই বোর্ড গঠনের আগে তৃণমূল এলাকায় সন্ত্রাস তৈরি করার চেষ্টা করছে। জেলা বিজেপি নেতা রূপেশ আগরওয়ালের কটাক্ষ, তৃণমূল আর সন্ত্রাস সমার্থক শব্দ। মানুষের জনাদেশ মেনে নিতে পারছে না তৃণমূল।যেনতেন প্রকারে বোর্ড গঠনের চেষ্টা করছে। কিন্তু এই প্রচেষ্টা ব্যর্থ হবে। মানুষ ওদের রুখে দিবে। পাল্টা তৃণমূল নেতা বিমান ঝার সাফাই, জোট আগে থেকেই সন্ত্রাস তৈরি করে আসছে। পঞ্চায়েতের বোর্ড গঠন গুলিতে জোটের পতাকা বাঁশের লাঠিতে লাগানো থাকতো। মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতে আমাদের কর্মীরা আক্রান্ত হয়েছে। তাই আত্মরক্ষার চেষ্টা যে কেউ করবে।



# নেপাল ও পাকিস্তানের বিপক্ষে নেই লোকেশ রাহুল



**কোলম্বো (ওয়েবডেস্ক)** ঃ অপেক্ষা আরও বাড়ছে লোকেশ রাহুলের। দীর্ঘদিন পর চোট কাটিয়ে ভারতীয় দলে ফিরলেও এখনই মাঠে নামা হচ্ছে না ভারতের এই উইকেটকিপার ব্যাটসম্যানের। দ্রুত উন্নতির দিকে গেলেও এশিয়া কাপের প্রথম দুই ম্যাচে খেলতে পারবেন না রাহুল। শ্রীলঙ্কার উদ্দেশে দেশ ছাড়ার আগে সংবাদ সম্মেলনে এ কথা জানিয়েছেন কোচ রাহুল দ্রাবিড়। পরে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে। চলতি বছরের ১ মে আইপিএলে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিপক্ষে ম্যাচে ফিল্ডিংয়ের সময় ডান ঊরুতে চোট পেয়েছিলেন রাহুল। এরপর থেকেই প্রতিদ্বন্দ্বিতামূলক ক্রিকেটের বাইরে ছিলেন রাহুল। সেই চোট থেকে সেরে উঠলেও বর্তমানে রাহুল মাঠের বাইরে আছেন অন্য এক চোটে।

গত সপ্তাহে প্রধান নির্বাচক অজিত আগারকার রাহুলের চোট নিয়ে জানিয়েছিলেন, 'রাহুলের পুরোনো চোট নয়, তার নতুন ছোট একটা চোট আছে। আশা করছি রাহুল ফিট হয়ে উঠবে, প্রথম ম্যাচে না হলেও দ্বিতীয় কিংবা তৃতীয় ম্যাচ থেকে। সে সঠিক পথে আছে।'

তবে এরপর ভারতের কন্ডিশনিং ক্যাম্পে প্রায় ৩৫ মিনিট ব্যাটিং করেছেন রাহুল। স্পিনারদের বিপক্ষে ব্যাটিং শুরু করার পর যসপ্রীত বুমরা, প্রসিধ কৃষ্ণার বিপক্ষেও নেটে ব্যাটিং করেছেন। ডাউন দ্য উইকেটে এসে স্পিনারদের বিপক্ষে বড় বড় শটও খেলেছেন। কন্ডিশনিং ক্যাম্পের পুরো সময়টাতেই কোনো অস্বস্তি হয়নি রাহুলের।

তখন অনেকেই ধারণা করেছিলেন টুর্নামেন্টের শুরু থেকেই খেলতে পারেন রাহুল।

তবে আজ ভারতীয় দলের কোচ রাহুলের চোটের বিষয়টি সম্পর্কে স্পষ্ট ধারণা দিলেন, 'এখানে (কন্ডিশনিং ক্যাম্প) রাহুলের সময়টা ভালো কেটেছে। অনুশীলন করেছে। আমরা যেমনটা চাই, সেই পথেই রাহুল এগোচ্ছে। কিন্তু তাকে টুর্নামেন্টে ক্যান্ডি অংশে পাওয়া যাবে না। সামনের কয়েক দিন ন্যাশনাল ক্রিকেট একাডেমি তার দেখাশোনা করবে। আগামী ৪ সেপ্টেম্বর ওর চোট আবার মূল্যায়ন করা হবে। তার চোটের অবস্থা ভালো মনে হচ্ছে, উন্নতির দিকে যাচ্ছে।' এরপর ভারতীয় ক্রিকেট বোর্ড এক বিবৃতিতে জানিয়েছে, 'লোকেশ রাহুলের উন্নতি হচ্ছে, তবে পাকিস্তান ও নেপালের বিপক্ষে প্রথম দুই ম্যাচে তাকে পাওয়া যাবে না।'

উইকেটকিপার ব্যাটসম্যান হিসেবে ভারতের প্রথম পছন্দ রাহুল। তাঁর চোটে এত দিন সেই জায়গায় খেলেছেন আরেক উইকেটকিপার ব্যাটসম্যান ঈশান কিষান। রাহুল না থাকায় এশিয়া কাপের প্রথম ম্যাচেও দেখা যেতে পারে সেই কিষানকেই। ভারতের ১৭ সদস্যের দলে আর কোনো উইকেটকিপার নেই। রিজার্ভ হিসেবে আছেন উইকেটকিপার ব্যাটসম্যান সঞ্জু স্যামসন। আগামী শনিবার পাকিস্তানের বিপক্ষে ম্যাচ দিয়ে এশিয়া কাপ শুরু করবে রোহিত শর্মার দল। 'এ' গ্রুপে তাদের দ্বিতীয় ও শেষ ম্যাচ দুই দিন পর, প্রতিপক্ষ নেপাল। ভারতের দুটি ম্যাচই হবে পাল্লেকেলেতে।

# অ্যাথলেটিক্সের দুনিয়ায় ভারত-পাকিস্তান বন্ধুত্বের এক বিরল কাহিনি



**বুডাপেস্ট** ঃ ওয়ার্ল্ড অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে জ্যাভলিন থ্রোর ফাইনালে ইউরোপিয়ান আর মার্কিনিদের পেছনে ফেলে দুইজন দক্ষিণ এশিয়ান স্বর্ণ আর রৌপ্যপদক জিতছেন, এমন অলৌকিক দৃশ্য কেউ কখনো দেখেননি। কিন্তু ঠিক সেটাই ঘটে যাওয়ার পরেও রবিবার রাতে বুডাপেস্টে বিস্ময়ে অবাক হওয়ার আরও কিছু বাকি ছিল।

জ্যাভলিন থ্রোর নতুন বিশ্বচ্যাম্পিয়ন নীরজ চোপড়া তখন ভারতের তেরঙা জাতীয় পতাকা নিয়ে ট্র্যাকের পাশেই দাঁড়িয়ে। ফোটো অপরচুনিটির জন্য তার পাশেই ব্রোঞ্জ পদকজয়ী চেক প্রজাতন্ত্রের জ্যাকাব ভ্যাডলেচ, তার হাতেও নিজের দেশের পতাকা।

নীরজ চোপড়া হঠাৎ খেয়াল করলেন আর্শাদ নাদিম একটু দূরে দাঁড়িয়ে, সম্ভবত পাকিস্তানের একটা জাতীয় পতাকা খুঁজছিলেন তিনি।

কিন্তু চট করে হাতের কাছে সেটা পাওয়া গেল না - নীরজ কিন্তু তারপরও পতাকা ছাড়াই ডেকে নিলেন বন্ধু আর্শাদকে, হাসিমুখে এরপর ফোটোগ্রাফারদের সামনে দাঁড়ালেন তিন পদকজয়ী।

একটু পর ভার্চুয়াল প্রেস কনফারেন্সেও নীরজ জানালেন, প্রতিযোগিতার দিন আমি খুব একটা মোবাইল ফোন ঘাঁটি না। আজ কিন্তু মোবাইলে ঢুকেছিলাম, আর ঢুকেই দেখি সেখানে শুধু ভারত-পাকিস্তান নিয়ে চর্চা!

আর্শাদও যে এত ভাল ছুঁড়েছে তাতে আমি খুবই খুশি ... আমরা দুজনেও আসলে বলাবলি করছিলাম যে কীভাবে আমাদের দুটো দেশ এই খেলাটায় এগিয়ে আসছে।

আগে জ্যাভলিন থ্রোতে শুধু ইউরোপিয়ানদেরই দাপট ছিল। কিন্তু এখন আমরা ওদের পর্যায়ে পৌঁছে গেছি, গর্বের সঙ্গে জানান নীরজ চোপড়া।

ফাইনালের মাত্র কয়েক ঘন্টা আগেই আর্শাদ নাদিমও স্পোর্টস্টারকে দেওয়া সাক্ষাৎকারে উর্দুতে বলেছিলেন, নীরজভাই, আপনি খুব ভাল করুন, আর আমিও যেন ভাল ছুঁড়তে পারি! আপনার তো দুনিয়াজোড়া নাম আছেই, আমিও যেন সুনাম কুড়োতে পারি, অপার সরলতার সঙ্গে মন্তব্য করেছিলেন আর্শাদ।

সীমান্তে বা ক্রিকেটের মাঠে যে দুটি দেশ নিরন্তর নিজেদের মধ্যে গোলাবর্ষণ কিংবা হাই-ভোল্টেজ খেলায় মেতে থাকে - তাদের দুজন অ্যাথলিট নিজেদের মধ্যে পেশাদারি প্রতিদ্বন্দ্বিতাকে পাশে সরিয়ে রেখে এভাবে পরস্পরকে শ্রদ্ধা আর শুভেচ্ছায় ভাসাচ্ছেন, এ ঘটনা বিরলতম নিঃসন্দেহে।

পাকিস্তানের খানেওয়ালের আর্শাদ নাদিম আর ভারতের হরিয়ানার পানিপথের নীরজ চোপড়ার এই অসামান্য বন্ধুত্ব তাই সীমান্তের দুপারেই নেট দুনিয়ার মন জয় করে নিয়েছে। ভারত ও পাকিস্তানের আমজনতা নিজেদের যাবতীয় বাগবিতন্ডা ভুলে আপাতত সোশ্যাল মিডিয়ায় একযোগে কুর্নিশ জানাচ্ছেন তাদের এই দুই 'হিরো'কে!

অলিম্পিক গেমস, ডায়মন্ড লীগ, বিশ্ব চ্যাম্পিয়নশিপ, কমনওয়েলথ গেমস বা এশিয়াড - মাত্র ২৫ বছর বয়সেই প্রায় সবগুলো বড় আন্তর্জাতিক প্রতিযোগিতায় স্বর্ণপদক জিতে নীরজ চোপড়া সম্ভবত ভারতের সর্বকালের শ্রেষ্ঠ অ্যাথলিট হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করে ফেলেছেন।

বুডাপেস্টে গত রাতে মাত্র ৩৫ সেন্টিমিটারের ব্যবধানে যাকে পেছনে ফেলে নীরজ চ্যাম্পিয়ন হলেন - সেই আর্শাদ নাদিমের সঙ্গে তার প্রতিদ্বন্দ্বিতাও প্রায় সাড়ে সাত বছরের পুরনো।

দুই হাজার ষোলো সালের ফেব্রুয়ারিতে আসামের গুয়াহাটিতে সাউথ এশিয়ান গেমসে দুই তরুণ অ্যাথলিটের প্রথম দেখা হয়েছিল। নীরজ স্বর্ণপদক পেয়েছিলেন, আর্শাদ পেয়েছিলেন ব্রোঞ্জ। পরবর্তীতে ভিয়েতনাম, পোল্যান্ড, জাকার্তা, টোকিও, ইউজিন বা অস্ট্রেলিয়ার গোল্ড কোস্ট-সহ বিশ্বের নানা প্রান্তে দুজনের অন্তত আটবার লড়াই হয়েছে, প্রতিটিতেই আর্শাদকে পেছনে ফেলেছেন নীরজ।

তবে কেরিয়ারের সেরা জ্যাভলিন থ্রোতে আবার নীরজকে পিছনে ফেলে দিয়েছেন আর্শাদ।

গত বছর বার্মিংহামের কমনওয়েলথ গেমসে তিনি ৯০ মিটারের বেশি দূরত্বে জ্যাভেলিন ছুঁড়েছিলেন, এশিয়ার দ্বিতীয় অ্যাথলিট হিসেবে যে কৃতিত্ব তিনি অর্জন করেন।

সেখানে নীরজ চোপড়ার সেরা থ্রো হল ৮৯.৯৪ মিটার - যেটা তিনি সুইডেনে করেন, আর সেটা ভারতের জাতীয় রেকর্ডও বটে।

এত দীর্ঘ সময় ধরে দুই চিরপ্রতিদ্বন্দ্বী দেশের দুই অ্যাথলিটের হাড্ডাহাড্ডি লড়াইয়ের মধ্যেও দুজনের বন্ধুত্বে কিন্তু কোনও চিড় ধরেনি - বরং পরস্পরের প্রতি পেশাগত শ্রদ্ধা আর সম্মান ক্রমেই বেড়েছে।

জাকার্তা এশিয়াডে ২০১৬ সালে স্বর্ণপদক জেতার পর নীরজ একসঙ্গে ছবি তোলার জন্য ডেকে নিয়েছিলেন ব্রোঞ্জজয়ী আর্শাদকে, দুজনেই নিজ নিজ দেশের জাতীয় পতাকা নিয়ে 'পোজ'ও দিয়েছিলেন। সেবারেই প্রথম পরস্পরের সম্পর্কে মিডিয়ায় মুখ খুলেছিলেন তারা। আর্শাদ তখন কিছুটা অনুযোগের সুরেও বলেন, নীরজভাই এক বিস্ময়কর প্রতিভা। কিন্তু এখন উনি আর আমার মেসেজের জবাব দেন না। আগে দিতেন, কিন্তু এখন ব্যস্ত বলে বোধহয় আর সময় পান না। টোকিও অলিম্পিক্সে জেতার পর নীরজ আবার এক সাক্ষাৎকারে কথা প্রসঙ্গে বলেছিলেন, প্রথম থ্রোর পর আর্শাদ তার জ্যাভেলিনটা পাশের বাস্কেট থেকে তুলে নিয়ে যাওয়ায় তিনি সেটা কিছুক্ষণের জন্য খুঁজে পাচ্ছিলেন না।

এই নিরীহ মন্তব্য নিয়ে নানা ধরনের ভারত-পাকিস্তান 'ষড়যন্ত্র তত্ত্ব' চালু হয়ে যেতেই নীরজ চোপড়া টুইটারে একটি ভিডিও পোস্ট করে বলেন, এটা অত্যন্ত স্বাভাবিক একটা ঘটনা ছিল।

দয়া করে আমার কোনও মন্তব্যকে আপনাদের দুরভিসন্ধি বা প্রোপাগান্ডার কাজে ব্যবহার করবেন না, সাফ জানিয়ে দেন তিনি।

ভারত ও পাকিস্তানের মধ্যে সোশ্যাল মিডিয়া-প্রসূত শত্রুতায় এভাবে ঠান্ডা জল ঢেলে দেওয়ার কাজ ভারত বা পাকিস্তানের আর কোনও ক্রীড়াবিদ কখনও করেছেন বলে জানা নেই। বস্তুত গত সাত-আট বছরে নীরজ চোপড়া ও আর্শাদ নাদিম বারে বারে প্রমাণ করে দিয়েছেন তারা দুর্দান্ত অ্যাথলিট হিসেবে একে অপরকে ভীষণ সম্মান করেন এবং নিজেদের মধ্যে সম্পর্কে তারা কিছুতেই ভারত-পাকিস্তান রেষারেষির ছায়া পড়তে দিতে চান না!

ঠিক এ জন্যই জাভেদ মিঁয়াদাদ-কিরণ মোরে, এমন কী শোয়েব আখতার-সচিন তেন্ডুলকর বা হকির জগতে দুদেশের দিকপাল তারকাদের চেয়েও এই দুজনকে সাধারণ ভারতীয় ও পাকিস্তানিরাও একেবারেই অন্য চোখে দেখছেন!

বিশ্ব অ্যাথলেটিক্সে ইতোমধ্যেই 'লেজেন্ডে'র মর্যাদা পাওয়া নীরজ চোপড়া শুধু ভারতের কোটি কোটি তরুণের জন্যই নয়, প্রতিবেশী পাকিস্তানেও রোল মডেলের মর্যাদা পাচ্ছেন।

গত দোসরা অগাস্ট এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে জ্যাভলিন থ্রোতে ব্রোঞ্জ জেতার পর সে কথা বলেও ফেলেন পাকিস্তানের তরুণ অ্যাথলিট মুহাম্মদ ইয়াসির।

পদক জেতার পর জিও টিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে ইয়াসির বলেছিলেন, আমি ভাবতেই পারিনি নীরজভাই আমাকে কনগ্র্যাচুলেট করতে ফোন করবেন। উনি আমাকে সামনের দিনগুলোর জন্যও শুভেচ্ছা জানিয়েছেন। আবেগাপ্লুত মুহাম্মদ ইয়াসিরের বলতে কোনও দ্বিধা ছিল না, অলিম্পিক চ্যাম্পিয়ন 'নীরজভাই'য়ের ফোন তাকে কতটা অনুপ্রাণিত করেছে।

জ্যাভলিন থ্রোর মতো ইভেন্টে ভারত ও পাকিস্তানের মধ্যে একটা 'সুস্থ প্রতিযোগিতা' যে সার্বিকভাবে দুই দেশের পারফরম্যান্সকেই উন্নত করছে সেটাও সীমান্তের দুপারেই সকলে মানছেন।

আর এটা 'ট্রিগার' করেছে নীরজ চোপড়া এবং আর্শাদ নাদিমের চমৎকার সম্পর্ক।

বস্তুত নীরজ চোপড়া যে 'খেলা'টাকে সব সময় রাজনীতি বা কূটনীতির আগে রেখেছেন, সে কথাও ভারতে নেটিজেনদের অনেকেই মনে করিয়ে দিচ্ছেন। 'ড.নিমো যাদব' নামে ভারতের একটি জনপ্রিয় হ্যান্ডল থেকে পোস্ট করা হয়েছে, দু'বছর আগে এই নীরজ চোপড়াই অলিম্পিক্সে তার সতীর্থ আর্শাদ নাদিমকে ট্রোলিংয়ের বিরুদ্ধে সরব হয়েছিলেন।

দু'মাস আগে সেই তিনিই ভারতে প্রতিবাদরত কুস্তিগিরদের সমর্থনে মুখ খুলেছিলেন। 'বিজেপির পদলেহন করে নয়, বরং কঠোর পরিশ্রমের মাধ্যমেই' নীরজ যে নিজের সাফল্য অর্জন করেছেন, সে কথাও মনে করিয়ে দিয়েছেন 'ড.নিমো যাদব'।

নীরজ চোপড়া এবং আর্শাদ মালিকের বিশ্ব মানের পেশাদারি লড়াই ও বিরল বন্ধুত্বের এমন নজির ভারত বা পাকিস্তান যে আগে কখনো দেখেনি - চোখ বন্ধ করে তা বলা যায় নির্দ্বিধায়!

# মেসির হাত ধরেই আসছে আরেক মেসি



**প্যারিস (ওয়েবডেস্ক)** ঃ বাবাকে অনুসরণ করে সন্তানের ফুটবলের পথে হাঁটার গল্পটা নতুন কিছু নয়। বাবা-ছেলের ফুটবলার হয়ে ওঠার এমন উদাহরণ অনেক আছে। কখনো বাবার ছায়ায় আড়ালে পড়ে যান ছেলে আবার কখনো বাবাকে ছাড়িয়ে নিজের নামেই খ্যাতিমান হয়ে উঠেন ছেলে। বাবা সিজার মালদিনির সাফল্যকে পেছনে ফেলে পাওলো মালদিনির কিংবদন্তি হওয়া কিংবা বাবা জিনেদিন জিদানের খ্যাতির আড়াল ভাঙতে না পারা এনজো জিদানের গল্পগুলো তো সামনেই আছে। সেই গল্পেই নতুন সংযোজন থিয়াগো মেসি। বাবা লিওনেল মেসির হাত ধরে এখন ফুটবলের ময়দানে নিজের জাদু দেখানোর পথে হাঁটা শুরু করবে থিয়াগো। ইন্টার মায়ামির একাডেমিতে অনূর্ধ্ব-১২ দলে যোগ দিতে যাচ্ছেন মেসির বড় ছেলে। ইন্টার মায়ামি জানিয়েছে, ২০২৩-২৪ মৌসুমের দলের সঙ্গে যোগ দিতে যাচ্ছে থিয়াগো। যেখানে ইন্টার মায়ামির বিভিন্ন পর্যায়ের যুবদলে থাকা ১৫০ ফুটবলারের একজন হিসেবেই খেলবে মেসি জুনিয়র। এ ছাড়া এ মৌসুমে থিয়াগো ছাড়াও আরও ৩৪ তরুণের অভিষেক হবে ২০১৯ সালে প্রতিষ্ঠিত এই একাডেমিতে। তবে ইন্টার মায়ামির জার্সি থিয়াগোর পরা প্রথম জার্সি নয়। এর আগে বার্সেলোনার ৬ থেকে ৮ বছর বয়সীদের একটি প্রজেক্টে যুক্ত ছিল থিয়াগো। এমনকি ২০২০ সালে বার্সার জার্সিতে তার করা একটি গোলের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ ভাইরালও হয়েছিল। এদিকে থিয়াগোর ইন্টার মায়ামির সঙ্গে যুক্ত হওয়ার খবর সামনে আসার পর সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁর ফুটবল-দক্ষতার ভিডিও ছড়িয়েছেন অনেকে। সেসব ভিডিওতে বাবার ম্যাচের বিরতির সময়ও বল পায়ে কারিকুরি করতে দেখা গেছে তাকে। এসব ভিডিওর মন্তব্যের ঘরে মেসি-ভক্তরা শুভকামনা জানিয়েছেন থিয়াগোকে। যেখানে একজন লিখেছেন, 'বাবার মতোই ছেলে।' অন্য একজন তাকে দেখতে চেয়েছেন বার্সেলোনার একাডেমি লা মাসিয়াতে। লিখেছেন, 'দ্রুত লা মাসিয়াতে চলে এসো।' এর আগে মেসি তাঁর ইন্টার মায়ামিতে যাওয়ার পেছনে কারণ হিসেবে পরিবারের ইচ্ছার কথাও উল্লেখ করেছিলেন। তাঁর স্ত্রী আন্তোনেল্লা রোকুজ্জো ও ছেলেরা সৌদি আরবের পরিবর্তে নাকি যুক্তরাষ্ট্রকেই অগ্রাধিকার নিয়েছেন। এরপর মায়ামিতে এসে ভালো থাকার কথা বলেছেন মেসি নিজেও। এবার সে মায়ামি থেকেই ফুটবলে নিজের গল্পটা শুরু করতে যাচ্ছে আরেক মেসি। তবে বাবার ছায়া পেরিয়ে থিয়াগোর ফুটবলে পথচালা কত দূর বিস্তৃত হবে, সে উত্তরটা সময়ের হাতেই তোলা রইল।




# ট্রাম্পের নির্বাচন সংক্রান্ত মামলার শুনানি আগামী ৪ মার্চ

**নিউ ইয়র্ক (ওয়েবডেস্ক)ঃ** ২০২০ সালের প্রেসিডেন্ট নির্বাচনের ফলাফল উলটে দেয়ার ষড়যন্ত্রের অভিযোগে যুক্তরাষ্ট্রের প্রাক্তন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের বিচার আগামী মার্চ মাসে অনুষ্ঠিত হবে। সোমবার একজন ফেডারেল বিচারক এ রায় দিয়েছেন। যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট জজ তানিয়া চুটকান ৪ মার্চ হাইপ্রোফাইল এই বিচারকার্যের তারিখ নির্ধারণ করেন, প্রসিকিউটর এবং বিবাদী আইনজীবীদের প্রস্তাবিত তারিখগুলো প্রত্যাখ্যান করেন। প্রসিকিউশন চেয়েছিল, ডিসেম্বরে জুরি নির্বাচনের মাধ্যমে ২ জানুয়ারি যাতে কার্যক্রম শুরু হয়। ট্রাম্পের বিবাদী ফল এটি ২০২৬ সালের এপ্রিল পর্যন্ত স্থগিত রাখতে চেয়েছিল।

শুনানির সময় সংক্রান্ত চুটকানের রায় ২০২৪ সালে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনী প্রচারণার মাঝামাঝি সময়ে ট্রায়ালের সময় ফেলেছে। ওই নির্বাচনে ট্রাম্প শীর্ষস্থানীয় রিপাবলিকান প্রার্থী। এটি সুপার টুয়েসডের প্রাক্কালে শুরু হবে। সে সময় ১২টির বেশি রাজ্যের ভোটাররা তাদের দলের প্রেসিডেন্ট মনোনয়ন প্রার্থী বেছে নিতে ভোট দিতে যাবে।

ট্রাম্পের বিরুদ্ধে চারটি অপরাধের অভিযোগ আনা হয়েছে। এর মধ্যে রয়েছে যুক্তরাষ্ট্রের সরকারকে প্রতারণা করার ষড়যন্ত্র এবং আনুষ্ঠানিক কার্যক্রমে বাধা দেয়ার ষড়যন্ত্র।

আগস্টের শুরুতে আদালতে হাজিরা দেয়ার সময় তিনি নিজেকে নির্দোষ দাবি করেন।



ফ্লোরিডার একজন ফেডারেল বিচারক একটি মামলায় মে মাসে শুনানির তারিখ নির্ধারণ করেছেন। ওই মামলায় ট্রাম্প কার্যালয় ছেড়ে যাওয়ার পরে এবং ফেডারেল তদন্তে বাধা দেয়ার পরে তার ফ্লোরিডা এস্টেটে বেআইনিভাবে গোপন নথিপত্র রাখার অভিযোগে অভিযুক্ত হয়েছেন। সেই মামলায়ও ট্রাম্প নিজেকে নির্দোষ দাবি করেছেন।

সোমবার আটলান্টার একজন ফেডারেল বিচারক ট্রাম্পের প্রাক্তন চিফ অফ স্টাফ মার্ক মিডোজের কাছ থেকে যুক্তি শুনবেন যে, মিডোজকে রাজ্য আদালতের পরিবর্তে ফেডারেল আদালতে অভিযোগের বিরুদ্ধে লড়াই করার অনুমতি দেয়া হবে কিনা। মার্ক মিডোজ জর্জিয়ার মামলায় অভিযুক্তদের মধ্যে রয়েছেন।

# উত্তর ইরাকের ইরানী কুর্দী বিরুদ্ধবাদীদের স্থানান্তর করতে সম্মত তেহরান ও বাগদাদ



**তেহরান ঃ** উত্তর ইরাকে অবস্থিত ইরানী কুর্দি ভিন্নমতাবলম্বী গোষ্ঠীর সদস্যদের নিরস্ত্রীকরণ এবং তাদের বর্তমান ঘাঁটি থেকে স্থানান্তর করতে একটি চুক্তিতে পৌঁছেছে ইরান ও ইরাক। দুই দেশের কর্মকর্তারা সোমবার এমনটাই জানিয়েছেন।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র নাসের কানানি সোমবার এক সংবাদ সম্মেলনে বলেছেন যে ইরাক সরকার ১৯ সেপ্টেম্বরের মধ্যে ইরাকের ভূখণ্ডে অবস্থানরত সশস্ত্র সন্ত্রাসী গোষ্ঠীগুলিকে নিরস্ত্র করতে এবং তারপর তাদের সামরিক ঘাঁটি থেকে সরিয়ে ইরাকি সরকারের মনোনীত শিবিরে স্থানান্তর করতে সম্মত হয়েছে।

তিনি যোগ করেছেন যে, সময়সীমা বাড়ানো হবে না এবং দুই দেশের মধ্যে সম্পর্ক যেখানে সম্পূর্ণ বন্ধুত্বপূর্ণ এবং উষ্ণ...সেখানে ইরাকের উত্তরাঞ্চলে সন্ত্রাসীদের উপস্থিতি পারস্পরিক সম্পর্কের উপর একটি অপ্রীতিকর দাগ। ইরানের কুর্দিস্তান ডেমোক্রেটিক পার্টি বা কেডিপিআই এবং ইরানের সীমান্তবর্তী ইরাকের আধা স্বায়ত্তশাসিত কুর্দি অঞ্চলে অবস্থিত অন্যান্য ইরানী কুর্দি ভিন্নমতাবলম্বী গোষ্ঠীর সদস্যদের লক্ষ্য করে ইরান পর্যায়ক্রমে হামলা চালিয়েছে।

পরিচয় গোপন রাখার শর্তে এক ইরাকি সরকারি কর্মকর্তা এই বিষয়ে কথা বলেছেন। এই গোপনীয়তার কারণ হল, সংবাদমাধ্যমে মুখ খোলার অনুমতি তার নেই। তিনি নিশ্চিত করেছেন যে দুই দেশের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। তিনি আরও বলেন, বাগদাদের কেন্দ্রীয় সরকার ইরবিল ও সুলাইমানিয়ার কুর্দি আঞ্চলিক সরকারি কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে গোষ্ঠীগুলিকে স্থানান্তর করতে যত তাড়াতাড়ি সম্ভব কাজ করছে।

তিনি নিরস্ত্র জঙ্গিদের কোথায় স্থানান্তরিত করা হবে তা নির্দিষ্টভাবে জানাতে চাননি। তবে বলেন যে, এটি ইরাকি কুর্দি অঞ্চলের মধ্যেই হবে। তিনি বলেন, তাদের বাস করার জন্য একটি শিবির থাকবে এবং তারা অস্ত্রবিহীন থাকবে।

এই ইরাকি কর্মকর্তা বলেছেন, আগে সুলাইমানিয়াহ ইরবিলকে এই গোষ্ঠীগুলির সাথে কাজ করার জন্য অভিযুক্ত করত এবং ইরবিল সুলাইমানিয়াহকে তাদের সাথে কাজ করার জন্য অভিযুক্ত করত, কিন্তু কেন্দ্রীয় সরকার হিসাবে আমরা তাদের স্থানান্তর করতে রাজি হয়েছি। আমরা যতটা সম্ভব চেষ্টা করছি যাতে ১৯ সেপ্টেম্বরে এই কাজ সম্পন্ন করা যায়।

## টুকরো খবর

### পঞ্চায়েত নির্বাচনের পরেও মালদার ভারতবাংলাদেশ সীমান্তে উদ্ধার হলো তাজা বোমা

**মালদা ঃ** পঞ্চায়েত নির্বাচনের পরেও মালদার ভারতবাংলাদেশ সীমান্তে উদ্ধার হলো তাজা বোমা। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে মালদার বৈষ্ণবনগর থানার কুম্ভিরা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত জৈনপুর এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বোম স্কোয়াডের টিম। বোমাগুলি নিষ্ক্রিয় করে বোম স্কোয়াড বাহিনী।পুলিশ সুত্রে জানা গিয়েছে,শনিবার সকালে ওই এলাকার একটি আম বাগানের ঝোপের মধ্যে বোমা গুলি পরে থাকতে দেখে। আম বাগানের মধ্যে বোমা গুলি দেখে বৈষ্ণবনগর থানায় খবর দিলে পুলিশ এসে গোটা এলাকায় ঘিরে ফেলে।খবর দেওয়া হয় বোম স্কোয়াডকে। সেখান থেকে ১১ টি কৌটা ও শুতলি বোমা উদ্ধার করা হয়।স্থানীয় গ্রামের একাংশ বাসিন্দারা জানিয়েছেন, এদিন সকালে জমিতে কাজ করতে যাওয়ার সময় ওই আম বাগানে ঝপের মধ্যে বোমা গুলি পড়ে থাকতে দেখেন তারা। পরে পুলিশ এসে বোমা গুলি নিষ্ক্রিয় করে।

### দিনের আলোয় দুঃসাহসিক চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে বানারহাট ব্লকের শালবাড়ি ১নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চানা টিপা এলাকায়

**জলপাইগুড়ি** ঃদিনের আলোয় দুঃসাহসিক চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে বানারহাট ব্লকের শালবাড়ি ১নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চানা টিপা এলাকায়।স্থানীয় সূত্রে খবর,প্রতিদিনের ন্যায় এই দিনেও ওই বাড়ির মালিক সুরেশ রায় ও তার স্ত্রী পেটের তাগিদে কৃষি জমিতে কাজে যান। শনিবার দুপুর ১২ টা নাগাদ বাড়িতে কেউ না থাকায় সেই সুযোগে চোর বাবাজি ঘরে ঢুকে সমস্ত জিনিস লন্ডভন্ড করে তছনছ করে দেয়। ঘরে থাকা দুটি আলমারি শোকেস ভেঙ্গে মজুদ রাখা সোনা ও রুপার কিছু গহনা নিয়ে চম্পট দেয় চোর বাবাজি। আশেপাশে বাড়ির লোক অচেনা ব্যক্তিকে দেখতেই চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায় খবর দেওয়া হয় বাড়ির মালিককে ততক্ষণে চোর বাবাজি সুযোগ বুঝে চম্পট দেয় এলাকা থেকে এবং তৎক্ষণাৎ বাড়ির মালিক সুরেশ রায় ও তার স্ত্রী এসে ঘরে ঢুকলে চক্ষু চরক গাছ বাড়ির মালিকের। ছড়িয়ে ছিটিয়ে রয়েছে ঘরের সমস্ত জিনিসপত্র। শোকেসে থাকা সোনা এবং কিছু রুপার গহনা নিয়ে চম্পট দেয় চোর। এমন ঘটনা প্রকাশ্যে আসতেই এলাকায় হইচই পড়ে যায়। ঘটনার খবর দেওয়া হয় দুরামারী পুলিশ ফাঁড়িতে। দুরামারী পুলিশ ফাঁড়ির কর্মীরা সেখানে গিয়ে ঘটনার তদন্ত শুরু করছেন বলে জানা গেছে। তবে দিনের আলোয় এমন দুঃসাহসিক চুরির ঘটনায় কিন্তু আতঙ্কিত এলাকার বাসিন্দারা।

### ছয় লক্ষ ৩৩ হাজার টাকা (৫০০ টাকা নোট) উদ্ধার করেছে।এবং একজন কে পুলিশ গ্রেফতার করেছে আলিপুরদুয়ার পুলিশ

**আলিপুরদুয়ার ঃ** আলিপুরদুয়ারে পুলিশের বড় সাফল্য।শনিবার রাত সাড়ে আট টা নাগাদ আলিপুরদুয়ারের মাঝেরডাবড়ী চৌপথী এলাকায় পুলিশ অভিযান চালিয়ে নগদ ছয় লক্ষ ৩৩ হাজার টাকা ( ৫০০ টাকা নোট) উদ্ধার করেছে।এবং একজন কে পুলিশ গ্রেফতার করেছে। ওই টাকার মধ্যে ১ লক্ষ ৩৩ হাজার টাকা ফেক কারেন্সী রয়েছে।আজ এস পি অফিসে এক সাংবাদিক বৈঠকে অতিরিক্ত পুলিশ সুপার কুন্তল ব্যানার্জি বলেন,অ্যান্টি ক্রাইম টিম ও আলিপুরদুয়ার থানার আই সি অভিযান চালিয়ে একজন কে গ্রেফতার করা হয়েছে। এটা পুলিশের বড় সাফল্য।একজনকে গ্রেফতার করা হয়েছে।তার নাম ব্রজেন শীল।তার বাড়ি পানিয়ালগুড়িতে।তার কাছ থেকে ৬ লক্ষ ৩৩ হাজার টাকা ও একটি মোবাইল উদ্ধার করা হয়েছে।এই নোটের মধ্যে ১ লক্ষ ৩৩ হাজার জাল ৫০০ টাকার নোট। তার সঙ্গে আন্তরাজ্য পাচারকারীদের সঙ্গে যোগসাজস রয়েছে কীনা তা খতিয়ে দেখা হচ্ছে।আজ আদালতে তুলে তাকে রিমান্ডে নেওয়া হবে। এত টাকা উদ্ধার হয়েছে।এ ধরনের ঘটনা আলিপুরদুয়ারে গত দুবছরের মধ্যে ঘটেনি।সব কিছু খতিয়ে দেখে তদন্ত শুরু করেছে পুলিশ। সামনে বাংলাদেশ।ফলে এই ঘটনার মধ্যে এর পেছনে বাংলাদেশের সঙ্গে কোন যোগসাজস রয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।ধৃত পুলিশ কে জানিয়েছে সে ব্যাবসায়ী।মূল টাকার সঙ্গে ফেক কারেন্সী তার কাছে কি করে এল তা খতিয়ে দেখছে পুলিশ।

### বিজেপি নেতার বাড়িতে হামলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

**কোচবিহার ঃ** ফের রাজনৈতিক হিংসায় উত্তপ্ত দিনহাটা। দিনহাটা ২ নং ব্লকের চৌধুরীহাট গ্রাম পঞ্চায়েতের সাদিয়ালের কুটি এলাকায় বিজেপি নেতার বাড়িতে হামলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। বিজেপি কর্মীকে মারধর এবং ছুরি মারার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। অভিযোগ শনিবার রাতে বিজেপি নেতা প্রমোদ বর্মনের বাড়িতে কয়েকজন বিজেপি কর্মী আড্ডা দিচ্ছিলেন । সেই সময়ই হঠাৎ করে তৃণমূলের দুষ্কৃতিরা অতর্কিতে এসে তাঁদের উপর হামলা চালায়। চৌধুরীহাট অঞ্চল কনভেনার সুব্রত দে সরকারকে বেধড়ক মারধর করে এবং বিজেপি কর্মী আব্দুল মিয়া কে ছুরি দিয়ে আঘাত করে বলে অভিযোগ। তবে অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস। তৃণমূলের দাবি নিজেদের গোষ্ঠী কোন্দল এর জেরে এই ঘটনা ঘটেছে।

### অ্যাসিড হামলার অভিযোগে গ্রেফতার স্বামীস্ত্রী


**কলকাতা ঃ** পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় প্রতিবেশী এক মহিলার উপর অ্যাসিড হামলার অভিযোগে স্বামীস্ত্রীকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, আনন্দপল্লী চক রামনগরের বাসিন্দা চুমকি মাখালের ওপর অ্যাসিড নিক্ষেপের অভিযোগে দুই প্রতিবেশী জোসেফ রণ রায় এবং স্বামীস্ত্রী সোমরিতা রায়কে গ্রেপ্তার করা হয়েছে। চুমকি মাখালের পরিবারের অভিযোগ, সোমরিতা রায় অর্থাৎ জোসেফ রানা রায়ের স্ত্রী চুমকি মাখালের ওপর এসিড নিক্ষেপ করেছেন। অন্যদিকে জোসেফ রণ রায়ের পরিবারের পক্ষ থেকে পুলিশের কাছে অভিযোগের বিষয়ে চুমকি মাখল ঘটনাটিকে মিথ্যা বলে অভিহিত করেছেন। তিনি বলেন, হামলার মতো কোনো ঘটনা ঘটেনি, তার অভিযোগ চুমকি দীর্ঘদিন ধরে হরিদেবপুর থানায় তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করে আসছিল। একই সময়ে, জোসেফ রণ রায়ের পরিবারের সদস্যরা এর আগে চুমকি মাখালের মেয়েকে হত্যার অভিযোগ এনেছিল, যা জোসেফ রণ ও সোমরিতা রায়ের পরিবারগুলিকে মিথ্যা বলেছিল। একে অপরের বিরুদ্ধে অভিযোগ ও পাল্টা অভিযোগের কারণে পুরো ঘটনাটি রহস্যই থেকে গেছে, তবে চুমকি মন্ডলের পরিবারের অভিযোগের ভিত্তিতে হরিদেবপুর থানা পুলিশ তাদের দুজনকেই গ্রেফতার করেছে। বাইট ূজয়া রায় (জোসেফ রানা রায়ের পুত্রবধূ) জোতসনা রায় (জোসেফ রানা রায়ের মা)






JATIO KHOBOR
BANGLA DAINIK
জাতীয় খবর
বাংলা দৈনিক
রাঁচি
বুধবার
web : www.rashtriyakhabar.com
epaper.rastriyakhabar.com
30:08:2023


## ‘ফখরুলের নামে ভুয়া চেক’ ফেক নিউজ মোকাবেলায় রাজনৈতিক দলগুলো কী করছে?



**ঢাকা ঃ** বাংলাদেশের জাতীয় নির্বাচন যত এগিয়ে আসছে, সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোয় রাজনৈতিক বিভিন্ন বিষয় ধরে প্রোপাগান্ডা ও বানোয়াট সংবাদেরও বিস্তার ঘটছে। অনেক ক্ষেত্রেই এসব সংবাদ এমনভাবে তৈরি এবং ছড়ানো হচ্ছে যাতে সামাজিক মাধ্যমের সাধারণ ব্যবহারকারীরা সহজেই বিভ্রান্ত হচ্ছেন। সর্বশেষ বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে নিয়ে একটি মিথ্যা বা সাজানো তথ্য সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেয়া হয়েছে যে, তিনি প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে অনুদান নিয়েছেন। এটি বানোয়াট বলে জানিয়েছেন সিঙ্গাপুরে বর্তমানে চিকিৎসাধীন মি. আলমগীর। বিবিসির অনুসন্ধানেও এই তথ্যের কোন সত্যতা পাওয়া যায়নি। কোন দেশের জাতীয় নির্বাচন বা বিশেষ পরিস্থিতিতে সামাজিক মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়ানোর উদাহরণ নতুন নয়। সর্বশেষ ভারতের জাতীয় নির্বাচন বা যুক্তরাষ্ট্রের প্রেসিডেঃট নির্বাচনে এই প্রবণতা ব্যাপকভাবে দেখা গেছে। বিশ্লেষকদের আশঙ্কা, বাংলাদেশের জাতীয় নির্বাচন ঘিরেও এই প্রবণতা আরও বাড়তে পারে। কিন্তু প্রধান দুই রাজনৈতিক দল আওয়ামী লীগ এবং বিএনপি এই বিষয়টি কতটা নজরে রেখেছে?

# আফ্রিকায় কীভাবে চীন ও রাশিয়ার প্রভাব বাড়ছে?



**স্যান্ডটন (এজেন্সী) ঃ** আফ্রিকার সবচেয়ে ধনী এলাকায় গত সপ্তাহে হয়ে গেল একটি বড় আন্তর্জাতিক সম্মেলন, যেখানে গর্ব, স্বস্তি আর অস্বস্তিসবই ছিল। স্যান্ডটন দক্ষিণ আফ্রিকার ক্রমবর্ধমান জরাজীর্ণ শহর জোহানেসবার্গের উপকণ্ঠে একটি ঝকঝকে শহর যেটি মূলত একটি ব্যাংক পাড়া। এখানেই ব্রিকস গ্রুপের সর্বশেষ সম্মেলনটি অনুষ্ঠিত হয়েছে।

ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকার সমন্বয়ে বিশ্বে পশ্চিমা আধিপত্যকে চ্যালেঞ্জ করার একক ইচ্ছা থেকে গঠিত এই জোটটি উচ্চাকাঙ্ক্ষী হলেও এখনো খুব একটা সুসংগঠিত নয়। এই জোটটিতে এখন অন্তত আরো কয়েক ডজন দেশ যোগ দেয়ার জন্য অপেক্ষায় আছে।

ব্রিকস সম্মেলন ঘিরে দক্ষিণ আফ্রিকায় বর্তমানে স্বস্তির যে বাতাস বইছে তা মূলত প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের এই সম্মেলন থেকে দূরে থাকার সাম্প্রতিক সিদ্ধান্তের কারণেই।

তিনি যদি সম্মেলনে আসার বিষয়ে জোর দিতেন তাহলে, ইউক্রেনে সংগঠিত যুদ্ধাপরাধের অভিযোগে আন্তর্জাতিক বাধ্যবাধকতা থেকে তাকে গ্রেফতার করা হবে কিনা সে বিষয়ে দক্ষিণ আফ্রিকাকে তার নিজের অবস্থান স্পষ্ট করতে হতো।

সেই বিব্রতকর চ্যালেঞ্জকে পাশ কাটিয়ে আসতে পেরে দক্ষিণ আফ্রিকা স্বাগতিক দেশ হিসেবে তাদের ভূমিকা পালন করেছে বেশ গর্ব নিয়েই তারা ব্রিকসের সকালের মিটিং, বাণিজ্য মেলা, পৌর সংলাপের মতো কার্যক্রম বিষয়ক মেইল দিয়ে সাংবাদিকদের ইনবক্স ভরিয়ে দিয়েছে।

অনেক পর্যবেক্ষক মনে করেন, সেই অস্বাভাবিক দাপ্তরিক উদ্দীপনা আসলে একটা ইঙ্গিত ছিল যে, কত দ্রুত এই দেশটি পশ্চিমাদের কাছ থেকে দূরে আরো বহুমাত্রিক বিশ্বের দিকে, বিশেষ করে চীনের দিকে এবং এর থেকে কিছুটা কম করে হলেও রাশিয়ার কক্ষপথের দিকে সরে যাচ্ছে।

কেপটাউনে অনুষ্ঠিত ব্রিকসের মূল সম্মেলনের আগে জোটটির পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকের সংবাদ সম্মেলনে একজন রুশ সাংবাদিক আমার দিকে ঝুঁকে এসে বলেছিলো ঃ তোমরা তোমাদের মানবাধিকারের স্বর্গরাজ্যকে নিজেদের (পশ্চিমে) কাছে রাখ, আমরা নতুন করে পৃথিবী গড়ছি।

ব্রিকস হয়তো এখনো তার প্রাথমিক অবস্থাতেই রয়েছে, কিন্তু তারপরও এটি বাড়ছে অন্তত কিছুটা ধীরে হলেও এর একটি মৌলিক এবং উদ্বেগজনক শক্তি ও উত্তেজনা অনুভব করা যায়।

দক্ষিণ আফ্রিকা সরকারের আয়োজিত একটি বৈদেশিক নীতি বিষয়ক কর্মশালায় আমার এক সহকর্মী যোগ দিয়েছিলেন, যিনি আমাকে বলেছিলেন যে, সেখানে চীন যে ভবিষ্যৎ শক্তি এবং পশ্চিমা প্রভাব যে কমে আসছে সে বিষয়ে একটি ব্যাপক ঐক্যমত্য ছিল।

আর এখানেই দক্ষিণ আফ্রিকার অস্বস্তির দিকটি সমীকরণে আসে।

দেশটির প্রেসিডেন্ট সিরিল রামাফোসা একজন ধনী ব্যবসায়ী যিনি ভাল করেই জানেন যে, কোভিডের কারণে স্থানীয় অর্থনীতি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং এটি বিশ্বের সর্বোচ্চ বেকারত্ব ও বৈষম্যের মোকাবেলা করে চলেছে।

আর সে কারণেই এই ঘনীভূত সংকট কাটাতে হলে তার দেশের আরো ব্যাপকহারে বৈদেশিক বিনিয়োগ দরকার।

এর সমাধান অবশ্যই রাশিয়া নয়। দেশটির সাথে দক্ষিণ আফ্রিকার বাণিজ্য সম্পর্ক নেই বললেই চলে। নিঃসন্দেহে চীন এখানে খুবই গুরুত্বপূর্ণ একটি পক্ষ। কিন্তু দেশটি ইউরোপীয় ইউনিয়ন এবং যুক্তরাষ্ট্রের সাথে তার দীর্ঘদিনের বাণিজ্য এবং বিনিয়োগের মাঝেই আচ্ছাদিত হয়ে আছে।

তাহলে এই গভীর অর্থনৈতিক অনিশ্চয়তার মধ্যে দক্ষিণ আফ্রিকা তার সেই গুরুত্বপূর্ণ পশ্চিমা সম্পর্ককে কেন ত্যাগ করবে? যদিও এই সম্পর্কে এরইমধ্যে টানাপোড়েন তৈরি হয়েছে।

এই প্রশ্নের অন্তত আংশিক হলেও জবাব রয়েছে দেশটির ক্রমবর্ধমান ‘উদ্বিগ্ন এবং লক্ষ্যভ্রষ্ট’ ক্ষমতাসীন দলের কাছে।

তিন দশক ক্ষমতায় থাকার পরও আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস তার নিজস্ব অন্তর্কোন্দল, দুর্নীতি এবং প্রশাসনিক বিশৃঙ্খলা থেকে বেরিয়ে আসতে হিমশিম খাচ্ছে।

ইউক্রেনের যুদ্ধের বিষয়ে দক্ষিণ আফ্রিকা নানা ধরণের প্রতিক্রিয়া দেখাচ্ছে। উদাহরণ হিসেবে বলা যায়, শুরুতে তারা আগ্রাসনের নিন্দা জানিয়েছে, পরে আবার নিন্দা জানাতে অসম্মতি জানিয়েছে, নেটোকে দোষারোপ করেছে, মি. পুতিনের প্রশংসা করেছে, শান্তির মধ্যস্থতাকারী হওয়ার প্রস্তাবনা দিয়েছে, রাশিয়ার নৌ মহড়া আয়োজন করেছে, ওয়াশিংটনের কাছে সাফাই দিতে দৌড়ে গেছে, এবং ক্রেমলিনের বিষয়ে বার বার আলোচনা সামনে এনেছে।

এছাড়া যুক্তরাষ্ট্রের তোলা অভিযোগ অনুযায়ী, গত বছর দক্ষিণ আফ্রিকা রাশিয়াকে অস্ত্র সরবরাহ করেছিলো কিনা সেটি নিয়ে এখনো রহস্য রয়েছে।

অবশ্য প্রেসিডেন্ট রামাফোসা রাশিয়ার আগ্রাসন নিয়ে যে গভীর অস্বস্তিতে রয়েছেন, তাতে কোনো সন্দেহ নেই। একই সাথে তিনি নিজেকে আরো বেশি বহুমেরুর বিশ্ব গঠনের বিষয়ে একজন জ্ঞানী ও নিরপেক্ষ প্রবক্তা হিসেবে তুলে ধরতে ব্যাকুল।

কিন্তু তার সরকার ও দলের অনেকেই তার এই অবস্থানকে ভাল চোখে দেখে না। বর্ণবাদ বিরোধী সংগ্রামের সময় মস্কোর সমর্থন দেয়ার বিষয়টি ছাড়াও তাদের মধ্যে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র নীতি নিয়েও সন্দেহ কাজ করে।

এই ধরণের এলোমেলো বার্তা দ্বন্দ্বে জড়িত সব পক্ষের মধ্যেই বিরক্তির উদ্রেক করেছে এবং এতে দক্ষিণ আফ্রিকার দুর্বলতা ও সিদ্ধান্তহীনতা আরো বেশি করে সামনে এসেছে।

নেলসন ম্যান্ডেলার ‘রেইনবো নেশন’ বা বহু বর্ণের দেশ এখন যে ধুকছে সেটা নিশ্চিত। অনেকে মনে করেন যে খুব শিগগিরই এই দেশটি ব্যর্থ রাষ্ট্রে পরিণত হবে।

কিন্তু এর বিপরীতে ব্রিকস সম্মেলন ক্রেমলিনকে তাদের নিজস্ব, আরো কৌশলগত এবং কার্যকর কূটনীতি দেখানোর জন্য গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম দিয়েছে।

এই উপমহাদেশের সাম্প্রতিক সংবাদ শিরোনামগুলোতে প্রাধান্য পেয়েছে নিজেরের সেনা অভ্যুত্থান এবং রাশিয়ার সুবিধাবাদী ওয়াগনার গ্রুপের ভাড়াটে যোদ্ধাদের তাদের নিজস্ব স্বার্থে বিশৃঙ্খলাকে ব্যবহারের ঘটনাগুলো।

এমন ঘটনা তারা এর আগে মালি ও সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকের মতো দেশগুলোতেও ঘটিয়েছে।

তবে ‘ঔপনিবেশিক’ আফ্রিকায় পশ্চিমা প্রভাবের বিশ্বাসযোগ্য বিকল্প হিসেবে রাশিয়া নিজেকে উপস্থাপন করতে সক্ষম হয়েছে। রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভের সফর এবং চাতুর্যের সাথে মিডিয়াকে ব্যবহার করে বার্তা প্রদানের মাধ্যমে সাফল্যের সাথে মস্কো সেটি করেছে।

দারিদ্র্যপীড়িত দেশগুলোতে যেখানে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব, ক্রমবর্ধমান তরুণ জনসংখ্যা, বর্ধিত বেকারত্ব, স্থিতিশীলতা নিয়ে হতাশা রয়েছে, সেখানকার মানুষেরা নতুন বিকল্পের বিষয়ে বেশ উদার।

এখানে প্রশ্ন আসে যে রাশিয়াকে রুখতে পশ্চিমা দেশগুলো কী করছে?

তবে অবশ্যই এই মহাদেশ নিয়ে সাধারণ কোনো উপসংহার টানাটা বিপদজনক এবং নতুন করে শুরু হওয়া স্নায়ুযুদ্ধে আফ্রিকার সরকারগুলোকে তুরুপের তাস ভাবাটা ভুল এবং আপত্তিকর হতে পারে।


কিন্তু ব্রিকসের পশ্চিমা সংস্করণ কোথায়?

যুক্তরাজ্যের একজন ‘আফ্রিকা বিষয়ক মন্ত্রী’ রয়েছেন।

উন্নয়ন প্রকল্প নিয়ে ব্যস্ততা, কঠোর শর্ত এবং পছন্দের আফ্রিকান নেতাদের জন্য সুবিধাজনক বিদেশি আমন্ত্রণের মতো পদক্ষেপ এই ধারণাকে প্রতিষ্ঠা করেছে যে ফ্রান্স, যুক্তরাজ্য এবং অন্যান্য সাবেক ঔপনিবেশিক শক্তিগুলো এখনো এই মহাদেশকে সমর্থনযোগ্য কোনো অংশীদার নয়, বরং একটি সংকট হিসেবেই গণ্য করে।

এটা হয়তো ন্যায়সঙ্গত নয়। সবকিছুর পরও, পশ্চিমা দেশগুলো দশকের পর দশক ধরে এই মহাদেশের স্বাস্থ্যসেবা, ব্যবসা এবং সরকারগুলোকে সহায়তা করতে উল্লেখযোগ্য পরিমাণ শক্তি এবং অর্থ খরচ করেছে।

কিন্তু পশ্চিমা সামরিক বাহিনীর ভূমিকা, বিশেষ করে নিজের এবং সোমালিয়ায় ফরাসি সেনা এবং আমেরিকার ড্রোন ব্যবহার করার কঠোর সমালোচনা উস্কে দিয়েছে। এ থেকে একটা ব্যাখ্যা পাওয়া যায় যে, ব্রিকসের এই বিকল্প দৃষ্টিভঙ্গি কেন এই মহাদেশে আকর্ষণীয় হয়ে উঠছে এবং স্যান্ডটনের সমাবেশে এই জোটটি কেন সরব আত্মবিশ্বাসের সাথে নিজেদের অবস্থান তুলে ধরেছে।




# মিয়ানমারের সামরিক জান্তার বিরুদ্ধে অবস্থান নিয়েছে যে মোবাইল গেইম

**নেপিদো (এজেন্সী) ঃ** মিয়ানমারে ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে সামরিক অভ্যুত্থানের পর দেশটির সেনা সদস্যরা কো টুটের বন্ধু এবং তার গর্ভবতী স্ত্রীকে গ্রেপ্তার করেছিল। তাতে তিনি এতটাই ক্ষুব্ধ হয়েছিলেন যে তিনি তার প্রযুক্তি দক্ষতা ব্যবহার করে সেনা বাহিনীকে অপসারণের জন্য যেসব উদ্যোগ আছে দেশটিতে, তাতে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেন। তিনি যে অ্যাপভিত্তিক মোবাইল গেইমটি তৈরি করেছেন তা মিয়ানমারের বিভিন্ন ’বাস্তব ঘটনার’ উপর ভিত্তি করে ডিজাইন করা হয়েছে এবং ইতোমধ্যেই বেশ জনপ্রিয়তা পেয়েছে। গেইমটি স্বাভাবিকভাবেই শাসক জান্তা গোষ্ঠীকে খেপিয়ে তুলেছে। গেইমের মাধ্যমে মিয়ানমারে সামরিক সরকার বিরোধী আন্দোলনের জন্য তহবিল সংগ্রহ করা হচ্ছে।

গণতন্ত্রপন্থী আন্দোলনে যোগ দেয়ার জন্য আটক হওয়া ওই দম্পতির বিষয়ে কো টুট বলেন, তারা তাদের জীবনে কখনও কোন অপরাধ করেনি।

তিনি জানেন না তাদের সাথে কী হয়েছে। বিবিসি সম্প্রতি জানতে পেরেছে যে, ওই গর্ভবতী নারীকে একদিনের মধ্যে মুক্তি দেওয়া হয়, তবে তার স্বামীকে প্রায় দেড় বছর আটকে রাখা হয়।

ওই দম্পতির গ্রেপ্তারের পর, কো টুট শুনতে পান যে, গণতন্ত্রপন্থী এক কর্মীকে খুঁজে না পেয়ে তার স্ত্রী এবং শিশুকন্যাকে আটক করে।

আন্তর্জাতিক সহায়তা এবং মনোযোগ পাচ্ছি। ইউক্রেনে রাশিয়ার আক্রমণ নিয়ে যেভাবে আর যত খবর প্রকাশ হচ্ছে, সে তুলনায় মিয়ানমারের সংকটকে ঘিরে কিছুই হয় না বলে মনে করেন তিনি।

দুই হাজার বাইশ সালের শুরুতে গেইমটি মূলত দ্য পিডিএফ গেইম নামে চালু হয়। এটি বিনামূল্যে ডাউনলোড করা যায়, কিন্তু গেইম চলাকালে গেইমাররা যে বিজ্ঞাপনগুলো দেখে তা থেকে অর্থ রোজগার হয়। কে টুটের ধারণা এ পর্যন্ত মোট পাঁচ লাখ আট হাজার ডলার সংগ্রহ হয়েছে।

তার ধারণা, এখন প্রতি মাসে গেইমটি থেকে ৭০ থেকে ৮০ হাজার ডলার পর্যন্ত উপার্জন হয় এবং তিনি দাবি করেছেন যে, এ সংখ্যা ‘প্রতি মাসেই বাড়ছে’।

গেইমাররা সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধরত পিপলস ডিফেন্স ফোর্সেস বা পিডিএফ সেনার ভূমিকায় অবতীর্ণ হয় এবং বিভিন্ন মিশনে লড়াই করে, যা মিয়ানমারে বাস্তব ঘটনার সাথে মিল রেখে তৈরি করা হয়েছে।

কো টুট বলেছেন, তিনি মিয়ানমারে সামরিক বাহিনীর সাথে লড়াই করছে এমন মানুষ - ডাক্তার, মুসলমান এবং এলজিবিটি সম্প্রদায়ের সদস্যসহ বাস্তব মানুষদের গেইমের চরিত্র হিসেবে তুলে এনেছেন।

তিনি মনে করেন, এই মানুষদের নথিভুক্ত করা জরুরি, কারণ ‘তারা সত্যিকারের যুদ্ধে



ভেবে দেখুন, একটি ছোট শিশু, কারাগারের নোংরা, মানসিক চাপ এবং হতাশার পরিবেশে বেড়ে উঠছে এবং আপনি জানেন না কী হচ্ছে। এসব দেখে রাগে ক্ষোভে আমার রক্ত টগবগ করে ফুটছিল। এরপর কো টুট, যিনি একজন প্রযুক্তিবিদ, সিদ্ধান্ত নেন যে তিনি তার দেশের ’নিষ্ঠুর এবং বিপজ্জনক’ সামরিক বাহিনীকে ক্ষমতাচ্যুত করার আন্দোলনে যুক্ত হবেন। এরপরই তিনি গেইম তৈরির কাজে নেমে পড়েন।

কো টুট এনক্রিপ্ট করা অ্যাপে টেক্সট বার্তার মাধ্যমে বিবিসির সাথে কথা বলেছেন এবং তিনি তার অবস্থান প্রকাশ করেননি। বিবিসি তার নিরাপত্তার জন্য ছদ্মনাম ব্যবহার করেছে। অভ্যুত্থানের পর মিয়ানমারে প্রায় পূর্ণাঙ্গ গৃহযুদ্ধ শুরু হয়ে যায়।

রাজনৈতিক বন্দিদের মনিটরিং সংগঠন অ্যাসিস্ট্যান্স এসোসিয়েশন ফর পলিটিক্যাল প্রিজনার্সের তথ্য অনুযায়ী, সেনা অভ্যুত্থানের পর থেকে এ পর্যন্ত মিয়ানমারে সামরিক বাহিনীর হাতে চার হাজারেরও বেশি লোক নিহত হয়েছেন। তবে জাতিসংঘ বলছে, নিহতের সংখ্যা এর চাইতেও ‘অনেক বেশি’ হবে। পাল্টা হামলায় সৈন্যদের কতজন হতাহত হয়েছে সে সংখ্যা জানা কঠিন - কারণ সেনা বাহিনী ক্ষয়ক্ষতির কথা স্বীকার করেছে, কিন্তু এ সংক্রান্ত কোন পরিসংখ্যান তারা দেয়নি। মিয়ানমারের নির্বাসিত ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট বলছে, প্রতিরোধে ২০ হাজার সৈন্য নিহত হয়েছে, কিন্তু বিবিসি এই সংখ্যার সত্যতা যাচাই করেনি।

কো টুটের লক্ষ্য ছিল পিপলস ডিফেন্স ফোর্সেস (পিডিএফ) নামে পরিচিত সেনা শাসক বিরোধী বাহিনীর জন্য অস্ত্র এবং মানবিক সহায়তার জন্য তহবিল সংগ্রহ করা। পাশাপাশি দেশের পরিস্থিতি সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।

আমার মনে হয়েছে, আমরা খুব কম

লড়াই করছে’।

গুগল এবং অ্যাপল অ্যাপ স্টোরে গেইমটি পাওয়া যাচ্ছে। তবে কো টুট জানিয়েছেন, কোম্পানির নীতির কারণে গেইমটি কিছুটা সমস্যায় পড়েছিল।

পরে গুগল প্লেতে এর নাম পরিবর্তন করে রাখা হয় ওয়ার অফ হিরোস - দ্য পিডিএফ গেম। গুগল বলেছে যে ’কোনও সংবেদনশীল বিষয় নিয়ে বা সেটিকে ঘিরে অসংবেদনশীল’ কিছু তারা সমর্থন করে না।’

তবে সেটি যদি ব্যবহারকারীদের ‘সতর্ক করা কিংবা সচেতনতা বাড়ানো’র জন্য হয় তাহলে তাকে অনুমোদন দেয় প্রতিষ্ঠানটি।

অ্যাপলের অ্যাপ স্টোরেও গেইমের নাম বদলে ‘ওয়ার অফ হিরোস’ রাখা হয়। তার আগে অবশ্য এ প্ল্যাটফর্ম থেকে গেইমটি সরিয়ে ফেলতে হয়েছিল, যাকে ‘বড় ধরণের আঘাত’ বলে বর্ণনা করেন কো টুট।

অ্যাপল বলেছে যে, অ্যাপটি তাদের নির্দেশনা লঙ্ঘন করেছে - যেমন কোন গেইমের শত্রুপক্ষ কোন বাস্তব সরকার, কর্পোরেশন বা কোনও বাস্তব চরিত্রকে টার্গেট করতে পারবে না। সেই সাথে সহিংস সংঘাত সংক্রান্ত প্রতিষ্ঠানটির নীতিমালারও পরিপন্থী বলে তারা গেইমটিকে আখ্যা দিয়েছে।

এরপর কো টুট গেইমের মূল আর্টওয়ার্ক এবং কিছু সামরিক মিশন সরিয়ে নেয়াসহ বেশ কিছু সংশোধন করেন, এবং তারপর অ্যাপল স্টোর সেটিকে পুনরায় অনুমোদন দেয়।

এটা অবশ্যই ভাল খবর, এবং আমরা এখন আরও বেশি আয় করবো বলে আশা করি, তিনি বলেন।

গেইমটি মিয়ানমারের শাসক জান্তাকে ক্ষুব্ধ করে তুলেছে। এপ্রিল মাসে রাষ্ট্রীয় গণমাধ্যমে একটি নোটিশ জারি করে জনসাধারণকে সতর্ক করা হয়েছিল, কেউ যদি ‘পিডিএফ গেইম’ খেলে তাহলে তাকে আইনের মুখোমুখি হতে হবে।

